
# ন্ত্রাক ওয়াটার

মাওলানা আসেম ওমর



## ব্লাক ওয়াটার

## মাওলানা আসমে ওমর **রুয়াক ওয়াটার**

আবু জারীর আবদুল ওয়াদুদ অনুদিত

আবাবিল প্রকাশন ১১/১ বাংলাবাজার, ঢাকা- ১১০০

#### ব্যাক ওয়াটার

মাওলানা আসেম ওমর

প্রকাশনার আবাবিদ প্রকাশন

© সংরক্ষিত

প্রথম প্রকাশ ভিসেম্বর ২০১৪

মূলণ : মাসুম আর্ট প্রেস

২৬/২ প্যারীদাস রোড, ঢাকা-১১০০

মূল্য: ২০০ টাকা

ISBN: 984-70160-0114-6

BLACK WATER: Mawlana Asem Omar, Published by:
ABABIL PROKASHON: 11/1 Banglabazar, Dhaka-1100
First Edition: December 2014 © by the pablisher

Price: 200 Taka only

#### অনুবাদকের কথা

 আলহামদুলিল্লাহ! 'রাক ওয়াটার' এখন আপনাদের হাতে। বইটি পাকিস্তানের বিখ্যাত আলেমেদীন হযরত মাওলানা আসেম ওমর দামাত বারাকাতৃহ্মের 'দাজ্জাল কা লশকর: গ্রন্থের বাংলা অনুবাদ। আল্লাহর হাজার শোকর, যিনি আমাকে দীনি এই কাজটি করার তাওফীক দান করেছেন। লাকাল হামদু ওয়া লাকাশ শুক্র...।

২. আজ থেকে ঠিক এক মাসের আগের কথা। ১৯ সেঔেম্বর রাত প্রায় সাড়ে এগারোটায় ফোন পেলাম আমিন ভাইয়ের। সালাম বিনিময়ের পর জিজ্ঞেস করলেন, কাজের ব্যস্ততা কেমন? কি কি কাজ হাতে আছে?...কাজগুলোর কথা তাকে জানালাম। বললাম, কাজের অনেক চাপ। দুআ করবেন আল্লাহ যেনো শরীর সৃস্থ রাখেন এবং অতি দ্রুত সম্পন্ন করার তাওফীক দান করেন। আমার কথা শেষ হতেই তিনি বললেন- হাতে যত কাজই থাকুক, আমার একটা কাজ করে দিতে হবে এবং অতি দ্রুত করে দিতে হবে। কোনো ওজর-আপত্তি ভনতে চাই না। বলনাম, কী কাজ? বলনেন, সেটা তো অবশ্যই বলব, আগে কথা দিন কাজটা করে দেবেন কি না? বললাম- আপনি তো তনলেনই কেমন চাপে আছি, এর মধ্যে নতুন কোনো কাজ কিভাবে হাতে নিই বলুন! কিন্তু তার এক কথা, কাজ আপনাকে করে দিতেই হবে এবং তাও কুরবানী ঈদের আগেই। জিজ্ঞাস করলাম কী কাজ, কত পৃষ্ঠার? বললেন, চারশ' থেকে সাড়ে চারশ' পৃষ্ঠা। হিসেব করলাম, কুরবানীর আর আছেই পনের দিন। তাছাড়া যে কাজটা হাতে সেটাও ঈদের আগেই শেষ করতে হবে। এর ভেতর নতুন কাজ হাতে নেয়া প্রায় অসম্ভব। তাও চারশ' থেকে সাড়ে চারশ' পৃষ্ঠা! আমিন ভাইয়ের কাছে বিনয়ের সাথে বললাম, না ভাই সম্ভব নয়। আল্লাহ তাওফীক দিলে পরবর্তী অন্য কোনো কাজ করে দেব।

#### ব্লাক ওয়াটার 🕈 ৬

এরপর শুরু হলো আমিন ভাইয়ের কথার 'অস্ত্র' প্রয়োগ। আমাকে ধরাশায়ী করতে আন্দার-অনুরোধ এবং শুর-লোভ সবই দেখালেন। ধরাশায়ী না হলেও অবশেষে ধরা আমাকে ঠিকই দিতে হল। রাজি হলাম কাজ করে দেব, যত দ্রুত সম্ভব। তবে কুরবানীর আগে সম্ভব হবে কি না তা বলতে পারছি না। তিনি বললেন- শুরু করেন, শেষ হবেই।

এরপর তিনি বইটি সম্পর্কে সব বললেন । জানালেন- বই একটা নয়, দুটো। আর দুটোই খুব দ্রুত প্রয়োজন। আমি আজই নেটে (পিডিএফ ফাইল) পাঠিয়ে দিচ্ছি, কাল থেকে কাজ শুরু করে দেবেন। বললাম, ঠিক আছে। দুআ করেন, আল্লাহ যেনো তাওফীক দেন।

বই দুটি তিনি সেদিন পাঠাতে পারলেন না। পরদিন বিকেলে অর্থাৎ ২০ সেপ্টেম্বর পাঠালেন। রাতে একটি বই প্রিন্ট করি এবং এরপর দিন ২১ সেপ্টেম্বর থেকে কাজ জরু করি। আলহামদূলিল্লাহ, আজ ২০ অক্টোবর সাড়ে চারশ' পৃষ্ঠার দুটি বইয়ের অনুবাদ সম্পন্ন হল। হল না, বলা উচিত আল্লাহ তায়ালা করালেন। তাঁর তাওফীক শামেলেহাল না হলে কখনোই এটা সম্ভব ছিল না। এত দ্রুত কাজ দু'টি সক্ষাহ্র পেছনে আমিন ভাইয়ের তাড়া-তাগাদা আর কাত্রের কিছু আপন মানুষের দুআর কথা স্বীকার না করলেই না। যারা প্রতিদিনই একাধিকবার খোঁজ নিয়েছেন কাজের অগ্রগতি সম্পর্কে। জাযাকাল্লান্থ খায়রান কাসিরা...।

বক্ষ্যমাণ বইটি বাংলা ভাষায় রূপান্তরের প্রয়োজনীয়তাবোধ-সিদ্ধান্ত কতটা যথার্থ, মূল বইটির প্রকাশকের কৈফিয়ত পড়লেই আশা করি উত্তর পাওয়া যাবে। মূল বইয়ের প্রকাশকের কৈফিয়তটুকু এখানে পত্রস্থ করা হল।

৩. 'এই উদ্মতের যখন উথানকাল ছিল, উদ্মতের ওলামায়ে কেরাম এবং ফুকাহায়ে কেরামের মনোনিবেশের কেন্দ্র ছিল তখন বহিরাগত বৃদ্ধিবৃত্তিক আক্রমণ থেকে ইসলামী আকিদাকে নিরাপদ রাখা, ইলম ও আমলের ময়দানে কাফেরদের আক্রমণের মোকাবেলা করা, দীনে হকের পবিত্র দাওয়াতকে বিশ্বব্যাপী প্রচার করা। এই দাওয়াতকে দলিল- প্রমাণ এবং তীর ও অসির মাধ্যমে বিজয়ী করা। আহলে সুন্নাতের ভেতর গোমরাহ ফেরকাগুলোর তাহরিষ ও বিকৃতির অনুপ্রবেশ ঠেকাতে ব্যবস্থা নেয়া এবং কালপরিক্রমায় দীনের ভক্র অবয়বে যে ধুলোবালি পড়ে, তা পরিস্কার করতে থাকা। যাতে আল্লাহ তায়ালা তাঁর দীন হেফাজতের যে ওয়াদা ও প্রতিশ্রুতি করেছেন, তার পূর্ণতায় তাদের অংশও লিখিত হয়। তাই এই উন্মতের গুলামায়ে কেরামকে কখনো রোম ও পারস্যের বিরুদ্ধে জিহাদের ময়দানে নেতৃত্ব দিতে দেখা যায়, কখনো খারেজী এবং রাফেজী ফিতনার ইলমী এবং আমলী মোকাবেলায় নিমগ্ন পাওয়া যায়। কখনো তারা গ্রিক দর্শনের বিষাক্ত আক্রমণ থেকে উন্মতের আকিদা-বিশ্বাস রক্ষা করেছেন, কখনো বাতেনি ফেরকাগুলোর ষড়যন্ত্র সম্পর্কে উম্মতকে সতর্ক করেছেন। কথনো জালেম শাসকদের সম্মুখে কালেমায়ে হক ও সভ্য কথা বলে নিষ্ঠুর নির্যাতন সহ্য করেছেন, কখনো বা তাতারি আক্রমণ এবং ক্রুসেডের মোকাবেলায় উন্মতকে সজাগ করেছেন। সেসব ওলামায়ে কেরাম এবং আয়েন্মায়ে কেরামের উপর আল্রাহর অবারিত রহমত বর্ষিত হোক!

আর একইভাবে যখন কোথাও-কোনোদিক থেকে উন্মতের পতন শুরুক হয়, তাদের মনোনিবেশের দিকও পরিবর্তন হয়ে যায়। উন্মত বহিরাগত বিপদ থেকে মুখ ফিরিয়ে অভ্যন্তরীণ টানাপড়েন এবং পারস্পারিক মতানৈক্য ও মতবিরোধের শিকার হয়। উন্মতের ওলামায়ে কেরামের সারিতেও মুসলমানদের সর্বসম্মত উসুল-মূলনীতি এবং আকিদা-বিশ্বাস রক্ষা থেকে বেশি আগ্রহ সৃষ্টি হয় মুসলমানদের ভেতরের শাখাগত বিষয়ে রণসজ্জার প্রতি। শরীয়তের শাসন প্রতিষ্ঠার চেয়ে বেশি উদ্যম দেখা যায় নিজ নিজ দর্শন ও চিন্তাধারাকে প্রতিষ্ঠা করার লড়াইয়ে। ফলশ্রুতিতে এই উন্মত নিজেদের অভ্যন্তরীণ মতানৈক্যে এমনভাবে জড়িয়ে পড়ে যে, বহিরাগত সব ধরনের আক্রমণের দার খুলে যায় এবং এসব দার-দুয়ারে কোনো পাহারাদার, উন্মতের মোহাক্ষেজ এবং কোনো পাসেবান ও নেগাহবান অবশিষ্ট থাকে না। অল্প সংখ্যক

আহলে ইলম ও আহলে দর্দ যাও বা ছিলেন, তারা এত বড রণাঙ্গন সামলানোর জন্য যথেষ্ট ছিলেন না। ফলে পাশ্চাত্য তথু আমাদেরকে সামরিক ও রাজনৈতিকভাবেই পরাজিত করেনি বরং পাশ্চাত্যের দৃষিত ও দুর্গন্ধযুক্ত শিরেকী বিশ্বাস ও চিন্ত-চেতনাও উন্মতের ভেতর ঢুকিয়ে দিয়েছে। ইসলামের বুনিয়াদী মূলনীতির সাথে সাংঘার্ষিক দর্শন ও চিন্তাধারাকে খাঁটি ইসলাম হিসেবে সাব্যস্ত করা শুরু হয়। ইসলামের এমন এক ব্যাখ্যা উপস্থাপন করা গুরু হয়, যা 'সমকালীন ও বর্তমান' জীবনব্যবস্থা এবং বিজয়ী সভ্যতার সাথে আপোষকামিতার ভিত্তিতে রচিত হচ্ছিল। এবং এটা সাব্যস্ত করার অপচেষ্টা চলতে থাকে যে, সে ব্যাখ্যার প্রতিটি মুল্যায়ন, প্রতিটি বিশ্বাস এবং রূপকল্প ইসলাম দারাই প্রমাণিত। নিকট অতীত পর্যন্ত এই দাসসূলভ মানসিকতা এবং পতিত জাতির নির্দেশক এই পস্থা আমাদের বৃদ্ধিবৃত্তিক অঙ্গনে বিরাজমান ছিল। অথচ এর বিপরীতে প্রতিরোধ ও বাধাদানকারীদের আওয়াজ ক্রমাগত দুর্বল ও ক্ষীণ হতে থাকে।

কিন্তু আল্লাহ তায়ালা এই দীন হেফাজত করার ওয়াদা করেছেন। এটা আল্লাহ তায়ালার আখেরী দীন। এর স্বভাবেই কাফেরদের বিশ্বাস থেকে অনেক বেশি বিরোধিতা ও প্রতিরোধের শক্তি এবং ঘুরে দাঁড়ানোর গতি এবং সক্ষমতা বিদ্যমান রয়েছে। আল্লাহর অপার অনুগ্রহে বিগত কয়েক বছর থেকে, বিশেষত রাশিয়ার বিরুদ্ধে জিহাদ এবং ১১ সেপ্টেমরের ঘটনার পর উদ্মতের ভেতর ব্যাপকভাবে জাগরণ তারু হয়েছে। বাহির থেকে আসা বৃদ্ধিবৃত্তিক ও সামরিক আক্রমণের বিরুদ্ধে দাঁড়ানো ক্ষীণ স্বরগুলো উচ্চকিত হতে তারু করেছে। মুজাহিদদের দ্রাবস্থা ও অবমূল্যায়ন দ্রুত দ্র হয়ে যাক্ষেছ। আহলে হক ওলামায়ে কেরামের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে এবং উদ্মত আলহামদুলিল্লাহ, আবারো উত্থানের পথে যাত্রা তারু করেছে। এই যাত্রা তারু হওয়ার একটি তারুত্বপূর্ণ প্রমাণ হল, উদ্মতের আহলে ইলমের মধ্যে, আরব-আজমের দীনদার শ্রেণীর মধ্যে, আল্লাহ তায়ালা এমন কিছু

ব্যক্তিকে দাঁড় করিয়ে দিচ্ছেন, যারা আসলাফের ওলামায়ে কেরামের মত উন্মতের সামনে আসা প্রকৃত বিপদের দিকে মনোনিবেশ গুরু করেছেন। বহিরাগত আক্রমনের বিরুদ্ধে প্রাচীর নির্মাণের কাজে হাত দিয়েছেন। উন্মতকে শাখাগত ও চিন্তাধারাগত বিতর্ক থেকে বের করে গুরুত্বপূর্ণ উসুলী ও আমলী কাজের প্রতি দৃষ্টি নিবদ্ধ করছেন। বিশেষত পাশ্চাত্যের বিষাক্ত যে চিন্তা আমাদের মধ্যে প্রবেশ করেছে, তা চিহ্নিত করা, এর ভ্রান্ততা প্রমাণ করা এবং ইসলামের পবিত্র শিক্ষাকে তার আদি রঙে উপস্থাপন করার জন্য তারা যথেষ্ট আন্তরিক।

হ্যরত মাওলানা আসেম ওমর দামাত বারাকাতৃত্যও এমনই একজন মুজাহিদ আলেমে দীন। উপমহাদেশের ইলমী মহলে তিনি অতি পরিচিত একটি নাম। ইতিপূর্বে তাঁর অনেকগুলো বই প্রকাশিত হয়েছে। যেগুলোতে তিনি অত্যন্ত মর্মপীড়ার সাথে উন্মতকে কঠিনভাবে আক্রান্ত বিপদগুলো সম্পর্কে সতর্ক করেছেন। সেই সাথে তাদেরকে নিজের দীনের দিকে প্রত্যাবর্তন এবং দীনকে মজবুতভাবে ধারণ-গ্রহণেরও পাঠ দিয়েছেন। আল্লাহ তায়ালা তাঁর রচনাবলীকে খুসুসি মকবুলিয়াত দান করেছেন ফলে সেগুলো সর্বমহলে সমানভাবে সমাদৃত হয়েছে।

আল্লাহ তায়ালার নিকট প্রার্থনা, তিনি যেন এই রচনার মাধ্যমে মুসলিম উন্মাহর ঘাড়ে চেপে থাকা বাতিল ও প্রান্ত জীবনব্যবস্থার অনিষ্ট, ইসলামের সাথে বাতিল চিন্তা চেতনার বৈপরিত্ব এবং ইসলামী আকিদা বিশ্বাসের সাথে পশ্চিমা চিন্তা-চেতনার সংঘার্ধিকতা প্রতিটি মুসলমানের মন ও মগজে সুপ্রতিষ্ঠিত করে দিন। যাতে তারা তাদের জীবন থেকে এই ব্যবস্থা উৎপাটন, পশ্চিমা বিশ্বাস, চিন্তা এবং পশ্চিমা লাইফ স্টাইল বা জীবনধারা থেকে মুক্তি লাভ এবং এর স্থলে ইসলামী আকিদা বিশ্বাস ও চিন্তা-চেতনাকে ব্যাপক করতে, ইসলামী জীবনযাপন পদ্ধতি প্রচলন করতে এবং শর্রী জীবনব্যবস্থা প্রতিষ্ঠা করার জন্য ওয়াকৃফ করেন। আমীন।

#### ব্যাক ওয়াটার 🛊 ১০

৪. আল্লাহ! আপনি তাওফীক দিয়েছেন বলে কাজটি সম্পন্ন করা সন্তব হয়েছে। আপনার নিকট প্রার্থনা, আপনি আমাদের এই কাজকে কবুল করে নিন। বইটি সুন্দর, নির্ভূল ও পরিশিলিতরূপে পেশ করার জন্য অনেকেই সহযোগিতা করেছেন, অনেকে দুআ করেছেন এবং প্রেরণা যুগিয়ে গেছেন। আল্লাহ! আপনি তাদের সবাইকে কবুল করে নিন এবং আমাদের সবাইকে এই বইয়ের সবক আপন জীবনে বাস্তবায়ন করার তাওফীক দিন। আমীন।

> আবু জারীর আবদৃশ ওয়াদৃদ ২০.১০.২০১৪

## অপ্ণ

উম্মাহর মা-বোন-কন্যা...

ড. আফিয়া সিদ্দিকী
বোন, লচ্ছিত! ক্ষমা কর
অধম ভাইদেরকে...

—অনুবাদক

## সৃ চি প ত্র

ইসলামাবাদে ব্যাক ওয়াটারের সেনা ট্রেনিং সেন্টার / ১৭ 'র'-এর হয়ে ক্যান্টেন জায়েদীর তৎপরতা / ২১ ব্ল্যাক ওয়াটার : দাচ্জাল পথপ্রদর্শক / ২১ দাজ্জালকে মাসীহ বলার কারণ / ২২ হাদিস শরিফে দাজ্জালের পরিচিতি / ২৪ দাচ্জালের সৈন্য কে / ২৫ টাৰ্গেট কেন পাকিস্তান / ২৬ পাকিস্তানের পারমাণবিক প্রোগ্রামে মার্কিন নজরদারি / ২৯ ইতিহাসের শিক্ষা / ৩০ ব্যাক ওয়াটার : ক্রুসেডার ক্কুর / ৩৪ ব্লাক ওয়াটারের দাজ্জালী ক্রুসেডার/ ৩৫ পাকিস্তানে ব্যাক ওয়াটারের তৎপরতা / ৩৯ ইসলামাবাদ, পেশওয়ার এবং তারবিলায় গোপন তৎপরতা / ৪২ ব্ল্যাক ওয়াটারের সম্ভাসী ক্ষোয়াড / ৪৪ ব্যাক ওয়াটারের পাকিস্তানি এজেন্ট ক্যাপ্টেন জায়দী / ৪৭ এ সম্পর্কে আরও একটি সংবাদ দেখুন / ৪৮ ১৪ অক্টোবর ২০০৯ এ প্রকাশিত একটি সংবাদ / ৪৯ পাকিস্তানে আমেরিকান প্রভাব : নাওয়ায়ে ওয়াক্তের উদ্বেগ প্রকাশ / ৫১ আমেরিকান দূতাবাসের সঙ্গে ব্র্যাক ওয়াটারের সম্পর্ক / ৫৩ আমরা কি গোলাম / ৫৮ জামাতৃদ দাওয়ার আমির হামধার আমেরিকানদেরকে হত্যা করার নির্দেশ / ৬৪ ব্ল্যাক ওয়াটারাইজেশন এবং অর্থনৈতিক মন্দা / ৬৫ তৃতীয় মহাশক্তি এবং ব্যাক ওয়াটার / ৬৮ ব্যাক ওয়াটারের বিভৃতি আমেরিকার পথ সৃগম করছে / ৭৪ বর্তমান পাকিস্তানে তাদের অপারেশনের কয়েকটি চিত্র / ৭৭ ব্র্যাক ওয়াটার ধর্মীয় উন্মাদক গোষ্ঠী / ৭৯ ব্ল্যাক ওয়াটারের বিরুদ্ধে মৌলিক অভিযোগ / ৮৪

#### ব্র্যাক ওয়াটার ৫ ১৩

ব্ল্যাক ওয়াটার এবং ধর্মীয় উন্যাদনা / ৮৭ ইহুদী প্রান এবং ব্যাক ওয়াটার / ৮৯ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপর আমেরিকান কন্ট্রোল / ৯৪ পাকিস্তান রেডিও'র উপর আমেরিকান কন্ট্রোল / ৯৫ পাকিস্তানে আমেরিকান ঘাঁটি / ৯৫ পাকিস্তান ও আমেরিকান চালবাজি / ১৯ আইএসআই-এর বিরুদ্ধে নিষেধাজ্ঞা : আমেরিকান চাল / ১০৩ আইন ও নিয়মের উধের্ব ব্যাক ওয়াটার / ১০৯ ব্র্যাক ওয়াটারের প্রতিষ্ঠাতা পরিচিতি / ১১০ ব্র্যাক ওয়াটারের ট্রেনিং সেন্টার / ১১২ ব্র্যাক ওয়াটারের বার্ষিক চল্লিশ হাজার সদস্যের ট্রেনিং প্রদান / ১১৩ করাচিতে ব্যাক ওয়াটারের সদস্য ভর্তি / ১১৩ ব্ল্যাক ওয়াটারের অপারেশন পদ্ধতি / ১১৪ ব্যাক ওয়াটারের দাবি পাকিস্তানের অভিনন্দন / ১১৬ পাকিস্তান আমেরিকার দাবি মেনে নিয়েছে / ১১৮ পাকিস্তানে ব্র্যাক ওয়াটারের ঠিকানা / ১১৯ ব্যাক ওয়াটারকে প্রকাশ্যে দৃতিয়ালি পর্যায়ে সাহায্য / ১২১ ব্যাক ওয়াটারের মিশন কী / ১২২ ব্ল্যাক ওয়াটার নিয়ে এত হৈ চৈ কেন / ১২৩ আমেরিকান সৈন্য এবং ব্র্যাক ওয়াটারের বন্দিখানা ও ঘাঁটি / ১৩৩ ইরাকে আমেরিকান ঘাঁটি / ১৩৪ ক্যামেরা আমেরিকানদের নিষ্ঠুরতা প্রকাশ করে দিয়েছে / ১৩৫ ফালুজায় ইরাকি মুজাহিদদের গেরিলা আক্রমণ / ১৩৭ সেনাবাহিনী ও ব্ল্যাক ওয়াটারেের পিছনে আমেরিকার ব্যয় / ১৪৪ কুকুরের বাচ্চা ষেউ ষেউ করে / ১৪৬ আফগানিস্তানে আমেরিকান এবং ব্র্যাক ওয়াটারের ঘাঁটি / ১৪৮ ডেগু গারশিয়া / ১৪৮ তাজাকিস্তান / ১৪৯ তুরস্ক / ১৪৯ ভূ-মধ্য সাগর / ১৪৯ কুয়েত / ১৪৯ দাওহা ক্যাম্প / ১৫০ বাহরাইন / ১৫০

ব্র্যাক ওয়াটার 🕈 ১৪

আম্মান / ১৫০ জর্দান / ১৫০ জবৃতি / ১৫০ লোহিত সাগর / ১৫০ আরব সাগর / ১৫১ কাতার / ১৫১

পাকিস্তানে সবচেয়ে বড় আমেরিকান ঘাঁটি / ১৫১ পাকিস্তানে আফিয়ার গ্রেফতারী / ১৫২ বাগরাম জেলে ডান্ডার আফিয়া সিদ্দিকীর অবস্থানের সত্যায়ন / ১৫৩ ডান্ডার আফিয়াকে নাটকীয়ভাবে আমেরিকায় স্থানান্তর / ১৫৩ হোয়াইট সুগার থেকে ব্যাক ওয়াটার / ১৫৬

হোয়াইট সুগার থেকে ব্ল্যাক ওয়াটার / ১৫৬
বদমাশ আমেরিকা ঐতিহাসিক সন্ত্রাসী / ১৫৮
একটি যুদ্ধান্ত্র : যৌন নির্যাতন / ১৬২
যৌন নির্যাতনের ব্যাখ্যা / ১৬২
নির্যাতনের আমেরিকান পদ্ধতি / ১৬৩
ভাডাটে সৈন্য / ১৬৪

ভাড়াতে সেনা / ১৬৪ ফিদায়ীদের প্রশিক্ষণস্থল / ১৬৬

সিআইএ এবং ব্ল্যাক ওয়াটারের বেআইনী কার্যক্রম / ১৬৭ নির্যাতনের জীবন্ত দৃষ্টান্ত / ১৭১

(WHO) World Health Organization / 175 (WTO) World Trade Organization / 179 মিডিয়াযুদ্ধ / ১৮০

পরিবার পরিকল্পনা বা ফ্যামিলি প্লানিং / ১৮১ National Aeronatical Space Agency / 182

Ma-na Umi বা শয়তানী সমুদ্র / ১৮২ একটি গোপন সংকেত / ১৮৪

দাজ্জালের একটি শিকড় / ১৮৪

আন্ট্রা মর্ডান নারী, নাকি দাচ্ছালী ফেতনা / ১৮৫ দীনের দাওয়াত কিভাবে দিবে / ১৮৬ দাওয়াতের কিছু বুনিয়াদী নীতিমালা / ১৮৬

শ্রোতাদের কাছে কথা পৌছানোর সুযোগ তালাশ করা / ১৮৬
সায়্যিদুনা ইবরাহিম আ. এর দাওয়াত / ১৮৭
হয়রত মৃসা আ. এর দাওয়াত / ১৮৮

#### ব্যাক গুয়াটার e ১৫

Ų,	Œ.	াতাদে	র মন	মেজাৰ	্ এবং	, ব্যক্তিত্ব	বুঝা	/ 249
	ଏ.	সকল	প্রশ্নের	উত্তর	দেয়া	বিপজন	本/	844
		8	সময়	মতো	কথা	वना / ১३	Pe	

৫. অবস্থার ভিন্নতার কারণে হুকুমের ভিন্নতা / ১৯৯
 ৬. বিরোধীদের কথা মনযোগ দিয়ে শ্রবণ করা / ২০০

৭. নির্দিষ্ট গুরুত্বপূর্ণ ব্যক্তির উপর মেহনত করা / ২০০

৮, সাধারণ দাওয়াত এবং বিশেষ দাওয়াতের মধ্যে পার্থক্য করা / ২০০

৯. সুন্দর বাক্য এবং উপযুক্ত শব্দ চয়ন করা / ২০১

১০. সেসৰ বিষয়বস্তু থেকে বেঁচে থাকা যা দাওয়াতে বাধা হয়ে দাঁড়াবে / ২০২

১১. আলোচনার ক্ষেত্রে দলিলভিত্তিক জবাবের পরিবর্তে একজামী জবাব দেয়া / ২০২

১২. অবিচল উদ্যমে দাওয়াত দেয়া / ২০৪
১৩. অটলতার সাথে পরীক্ষার মুকাবেলা করা / ২০৫
পরিসমাপ্তি / ২০৬

## ইসলামাবাদে ব্যাক ওয়াটারের সেনা ট্রেনিং সেন্টার

থ্যবন্ধটি দৈনিক উত্থতে প্রকাশিত হয়। জ্বনাব সাইফুল্মাহ খালিদ প্রবন্ধটিতে নানা দিক আলোকপাত করেছেন। প্রবন্ধটিকে এই বইয়ের অবতারণিকা মনে করতে পারেন।

ইসলামাবাদে বিদেশি নাগরিকদের আক্রমণ ও সন্দেহজনক তৎপরতা সম্পর্কে আইনপ্রয়োগকারী সংস্থাতলোকে সর্তক করে দেওয়া হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী এক চিঠিতে ইসলামাবাদের আইজিকে ইসলামাবাদের অভিজাত ও স্পর্শকাতর এলাকায় বিদেশি নাগরিকদের অবস্থানের খোঁজ-খবর নিয়ে এ ব্যাপারে দ্রুত তদন্ত রিপোর্ট পেশ করার নির্দেশ দিয়েছেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সূত্রগুলো দাবি করছে, বিদেশি নাগরিকের সংখ্যা গত দুই তিন মাসে আশকাজনকহারে বৃদ্ধি পেয়েছে। এর মধ্যে আনুমানিক তিনশ'রও বেশি বিদেশি নাগরিক ইসরাইলী ও বৃটিশ পাসপোর্টধারী বলে জানা গেছে। তারা শহরের অভিজাত এলাকায় বাসা ভাড়া নিয়েছে। মজার ব্যাপার হল এসব বাসার ভাড়া ডলার এবং পাউত্তে পরিশোধ করা হয়। লক্ষণীয় ব্যাপার হচ্ছে, বাসা ভাড়ার বিষয়ে একটি প্রাইভেট সিক্যুরিটি এজেন্সি জড়িত **আছে বলে** জানা গেছে। স্থানীয় সূত্রের সংবাদ **অ**নুযায়ী এসব বাসায় মূলত দিনের বেলা কেউ থাকে না, তবে গভীর রাতে সন্দেহজনক কার্যক্রম, রহস্যময় গাড়ির আনাগোনা এবং বিভিন্ন জিনিসপত্র ষ্ঠানো-নামানোর আওয়াজ শোনা যায়। এ কারণে স্থানীয় বাসিন্দারা ভীত-শুব্রস্ত হয়ে পড়েছে। এ বিষয়ে ইসলামাবাদ পুলিশকে স্বরাষ্ট্রমন্ত্রণালয় থেকে ছদত্তের নির্দেশ দেওয়া হয়েছে। অন্যদিকে সংবাদমাধ্যমণ্ডলো ইসলামাবাদে আরও এক ভয়ানক স্ক্যান্ডাল প্রকাশ করেছে। এফ-৬ সেক্টরের স্পর্শকাতর শাকায় অফিস নিয়ে একটি প্রাইভেট সিক্যুরিটি এজেন্দি পাকিস্তানি স্নাবাহিনীর বিশেষ কমান্ডো গ্রুপ এসএসজির (Special Services Group) শব্দরপ্রাপ্ত জোয়ান, জেসিও, এনসিও ও অন্যান্য অবসরপ্রাপ্ত অফিসারদেরকে দদের দলে ভর্তি করছে। এখানে অন্তর্ভুক্ত ব্যক্তিদেরকে বিদেশি নাগরিকরা শিক্ষণ দিয়ে থাকে।

বাগস্ট একটি জাতীয় দৈনিকে প্রকাশিত বিজ্ঞাপনকে কেন্দ্র করে দৈনিক ত্বত এ বিষয়ে সরেজমিন অনুসন্ধান শুরু করে। দৈনিক উত্মতের অনুসন্ধানী তিবেদনে জানা গিয়েছে, ওই বিজ্ঞাপনটিতে পাকিস্তানি সেনাবাহিনীর তুসরপ্রাপ্ত এসএসজি সদস্যদেরকে আকর্ষণীয় ভাতার লোভ দেখানো হয়েছিল। এ বিষয়ে যোগাযোগ করে জানা গিয়েছে, উল্লিখিত কোম্পানিটি স্বয়ং এসএসজির অবসরপ্রাপ্ত ক্যান্টেন আলী জাফর জায়দী পরিচালনা করছেন। উর্ধবতন মহলে তার ব্যাপক প্রভাব রয়েছে। দৈনিক উন্মতের বিশেষ সূত্রে ওই প্রাইভেট কোম্পানিতে যোগ দেওয়া এসএসজির অবসরপ্রাপ্ত জিসিও-র সঙ্গে যোগাযোগ করা হলে তিনি সংশ্লিষ্ট প্রতিবেদককে জানিয়েছেন আর্থিক দৈন্যতার কারণেই সাবেক এই কমান্ডো এখানে চাকরি নিয়েছেন। তার মতে, এই কোম্পানিটির কার্যক্রম সন্দেহজনক। তার বক্তব্য অনুযায়ী পাকিস্তানের রাওয়াত অঞ্চলে একটি মোটর ওয়ার্কশপের আড়ালে গোপন প্রশিক্ষণ শিবির চালাচ্ছে কোম্পানিটি। অন্যান্য সূত্র থেকেও বিষয়টি নিন্চিত হওয়া গেছে। উল্লিখিত সিক্যুরিটি এজেন্সিটি মূলত আন্তর্জাতিক মাফিয়া চক্রের সঙ্গে জড়িত। এছাড়া প্রশিক্ষণ শিবিরটি বৃটিশ নাগরিক ম্যাথু পরিচালনা করছে।

ম্যাথু সম্পর্কে গোয়েন্দাদের ধারণা সে বৃটিশ সেনা কমান্ডো এসআইএস'র লোক। তবে নিরাপন্তাজনিত কারণে তার ব্যাপারে বিশেষ কিছু বলতে সংশ্লিষ্টরা অপরগতা প্রকাশ করেছেন। এদিকে আমাদের বিশেষ অনুসন্ধানে তার ব্যাপারে চাঞ্চলকর সব তথ্য পাওয়া গেছে।

দৈনিক উন্মতের প্রতিবেদনে দেখা যাচেছ, পত্রিকায় বিজ্ঞাপন এবং ক্যাপ্টেন জায়দীর ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে প্রার্থীকে প্রথমে সেক্টর এফ-৬ এ একত্রিত করা হয়। এরপর তাদের লিখিত পরীক্ষা, শারীরিক টেস্ট ইত্যাদির মাধ্যমে কঠিন বাছাই পর্ব অতিক্রম করতে হয়। ২০০৯ সালের মার্চ মাসেও এমন এক বিজ্ঞাপনের মাধ্যমে কমপক্ষে ১০০ জনকে ভর্তি করা হয়। পরবর্তীতে তাদের বিভিন্ন জায়গায় ওই সিক্যুরিটি কোম্পানির ইউনিফর্ম পরিধান করে ডিউটি করতে দেখা যায়। এদের মধ্যে থেকে ৪২ জনকে বাছাই করে ১০ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত প্রশিক্ষণ দেওয়া হয়। ইসলামাবাদ থেকে ১৪ কিলোমিটার দ্রে জিটি রোডস্থ রাওয়াত ইভাস্ট্রিয়াল স্টেটে এই প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। সূত্র আরো জানিয়েছে, ভর্তিকৃতদেরকে বড় বড় গাড়িতে তুলে সেক্টর এফ-৬ এ কোম্পানি হেডকোয়ার্টার থেকে রাওয়াতে নিয়ে যাওয়া হয়। ওখানে ইভস্ট্রিয়াল এরিয়ার কার এভ ক্রাফট অটোমোবাইল ওয়ার্কশগে তারা প্রশিক্ষণ নেয়।

প্রশিক্ষণগ্রহণকারী এক ব্যক্তি বলেছেন, প্রশিক্ষকদের মধ্যে ম্যাথুসহ আরে চারজন বৃটিশ নাগরিক রয়েছে। এছাড়া একজন ভারতীয় নাগরিকও প্রশিক্ষণ টিমের সদস্য ছিল। দৃশ্যত এরা সবাই পায়জামা-পাঞ্জাবি পরিধান করে এব। তাদের মুখ তর্তি দাড়িও রয়েছে।

৩০ জুলাই পর্যন্ত প্রশিক্ষণগ্রহণকারীদের ব্যাচকে ৩১ জুলাই সীমান্ত প্রদেশে প্রেরণ করা হয়েছে। সেখানে তাদেরকে বৃটিশ কনস্যুলেটের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছিল। আগস্টে এ ধরনের আরেকটি ব্যাচের প্রশিক্ষণ শুরু হয়েছে।

ষ্যাথু সম্পর্কে জানা যায়, বৃটিশ কমান্ডো ফোর্স থেকে অবসর গ্রহণের পর সে কাবুলে মার্কিন প্রাইভেট আর্মি ব্ল্যাক ওয়াটারের হয়ে কাজ করত। এরপর সে একটি এনজিও-এর সঙ্গেও জড়িত হয়। বর্তমানে সে রাওয়াতে গোপন প্রশিক্ষণ শিবির পরিচামনা করছে। সূত্র জানিয়েছে, এই গোটা কর্মকা-ও ব্যাক গুয়াটারেরই গোপন সন্ত্রাসী তৎপরতার অংশ ৷ অথবা এ ধরনের অন্য কোনো নেটওয়ার্ক। এখানে যারা ভর্তি হয়, প্রশিক্ষণ চলাকালীন তাদেরকে স্থানীয় মুদ্রায় ১৬ থেকে ৪০ হাজার টাকা পর্যন্ত ভাতা এবং অন্যান্য সুযোগ সুবিধা দেওয়া হয়। প্রশিক্ষণপ্রাপ্ত এক কমান্ডো বলেছে, ইন্টারডিউয়ের সময় তাকে জিজ্ঞাসা **ক্রা হয়েছিল, বিদেশিদের সঙ্গে থাকতে এবং খেতে সে পছন্দ করে কি না?** ভিউটির সময় যদি নামাযের সময় হয় আর নামায পড়তে দেওয়া না হয় তাহলে ভার প্রতিক্রিয়া কেমন হবে? সে মুজাহিদদের সঙ্গে কখনো কাজ করেছে কি না? প্রশিক্ষণপ্রাপ্ত কমান্ডো আরো বলেছে, ক্যাপ্টেন জায়দী ও অন্যান্য বৃটিশ ও আমেরিকান অফিসারের উপস্থিতে এসব টেস্ট নেওয়া হয়ে থাকে। শাছাইকতদেরকে লাল মসজিদের নিকট একটি রেস্টহাউসে ডাকা হয়। পরে দ্দিকটবর্তী হোটেলে একত্রিত করে তাদেরকে রাওয়াতে পৌছে দেওয়া হয়। ৰেখানে কাউকেই নামায পড়ার অনুমতি দেওয়া হয় না।

জানা গেছে, সিক্যুরিটি গার্ড হিসেবে ভর্তি হলেও এদেরকে দিয়ে বিভিন্ন গুপ্ত ভিম্বলা, অতর্কিত আক্রমণ, ক্ষুদ্র অস্ত্র দারা লক্ষ্যবস্তু টার্গেট করা এবং ক্রিক্ষারকদ্রব্য বহনের কাজ করানো হয়। এছাড়া অত্যাধুনিক টেকনোলজিরও ক্রিক্ষণও তাদেরকে দেওয়া হয়ে থাকে। প্রশিক্ষণ চলাকালীন তাদেরকে লাল ক্রিক অপারেশন, পাকিস্তানের পতাকা জ্বালানোর ফুটেজ এবং অন্যান্য এমন ফুটেজ দেখানো হয়েছে, যাতে বিদেশিদের হাতে পাকিস্তানীদের হয়ে ও ক্রিক্তাবে দেখানা হয়েছে, যাতে বিদেশিদের হাতে পাকিস্তানীদের হয়ে ও ক্রিক্তাবে অপমান করা হয়়। এরপর তাদেরকে বলা হয়, সম্মান চাইলে ক্রেদের সঙ্গে বাঁচতে শেখা। এরপর প্রশিক্ষণকালীন নানা রকম কঠোর করানো হয় এবং প্রশিক্ষণ পূর্ণ হওয়ার পর তাদেরকে সীমান্ত প্রদেশে

দৈনিক উম্মতের প্রতিনিধি প্রশিক্ষণের জায়গা সরেজমিন পর্যবেক্ষণ করে প্রশিক্ষণগ্রহণকারীদের কথার সভ্যতা পেয়েছেন। ইসলামাবাদ থেকে ১৪ কিলোমিটার দূরে লাহ্যেরগামী জিটি রোডে রাওয়াত ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার মেইন গেট থেকে ভেডরের দিকে পৌনে চার কিলোমিটার দরত্বে কার এভ ক্রাফট অটোমোবাইলের সাইনবোর্ড লাগানো রয়েছে। এই সাইনবোর্ড থেকে ডান দিকে ঘুরলে আধা কিলোমিটারের দূরত্বে কার এন্ড ক্রাফটের বিশাল ভবন চোখে পড়ে ৷ ভবটির চার কোণায় স্থায়ী চৌকি বানিয়ে সক্রিয় এবং সশস্ত্র সিক্যুরিটির মজবৃত ব্যবস্থা নেওয়া হয়েছে। এখানে সার্বক্ষণিক গার্ড নিযুক্ত আছে। এছাডাও ভবনের নিরাপস্তা দেওয়ালের চারপাশে বৈদ্যুতিক তার ও কাটাতারের মাধ্যমে নিন্চিদ্র নিরাপত্তা বলয় গড়ে ভোলা হয়েছে। লাল ইটে নির্মিত বিল্ডিংটির সদর দরজা লাল-নীল রঙের। সবুজ ত্রিপল দিয়ে এর কিছু কিছু অংশ ঢেকে দেওয়া রয়েছে। বিভিংয়ের সামনের দিকে ছয়টি সিসি টিভি ক্যামেরা লাগানো রয়েছে দুই কোণায় দুটি এবং দুই গেটের উপর আরও চারটি ক্যামেরা লাগানো রয়েছে। পিছনের দিকেও সমসংখ্যক ক্যামেরা লাগানো রয়েছে , ফ্রন্ট সাইডে ও ব্যাক সাইডে একজন করে সশস্ত্র গার্ড নিযুক্ত রয়েছে। একটি অটোমোবাইল কোম্পানির এ ধরনের হাই-সিক্যারিট স্বাভাবিক নয়। দৈনিক উম্মত প্রতিনিধি বিভিংয়ের পেছন দিকে গেলে দেখতে পান, এখানে নিযুক্ত সশস্ত্র গার্ড সার্বক্ষণিক সক্রিয় রয়েছে। এ সময় তাকে কিছুটা চঞ্চলও দেখাচিছল সংশ্রিষ্ট প্রতিনিধির সঙ্গে থাকা একজন প্রশিক্ষণপ্রাপ্ত কমান্ডো সতর্ক করে দেন যে, এই বিন্ডিংয়ে এমন সিক্যরিটি ব্যবস্থা রয়েছে যা এক কিলোমিটার দূরত্বের সব রকম গতিবিধি মনিটর করতে সমক্ষ এবং এই রেঞ্চের মধ্যে ব্যবহৃত প্রতিটি মোবাইল কল তারা ট্রাক করতে পারে।

কার এন্ড ক্রাফট ওয়ার্কশপের ভৌগলিক অবস্থানগত পর্যবেক্ষণ থেকে বিশেষজ্ঞদের আশক্ষা, জনমানবহীন বিরান ভূমিতে এ ধরনের বিশাল স্থাপনা আসলে কোন কাজে ব্যবহৃত হচ্ছে? নিরাপত্তা বিশেষজ্ঞদের আনেকের সন্দেহ ব্ল্যাক ওয়াটারের মত সন্ত্রাসী গোষ্ঠীগুলো পাকিস্তানেও তৎপর রয়েছে। এর মাধ্যমে তারা দেশটিকে প্রতিনিয়ত অস্থিতিশীল করে তুলছে। তবে স্থানীর বাসিন্দারা ক্ষোত প্রকাশ করে বলেছেন, প্রশাসনের নাকের ডগায় এসব তৎপরতার চললেও রহস্যজনক কারণে তারা নিরব ভূমিকা পালন করছে। এ ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা জানিয়েছে, খুব দ্রুত তারা বিষয়টি নিয়ে পদক্ষেপ নেবেন। যদিও মার্কিনীদের চাপ ও প্রভাবের কাছে তা কতটুকু কার্যকর হবে তা নিয়ে জনমনে সংশয় রয়েই গেছে। এই

প্রতিবেদক কয়েক দফা উল্লিখিভ সিক্যুরিটি এজেন্সি এবং ক্যাপ্টেন জায়দীর সঙ্গে যোগাযোগ করে তাদের বক্তব্য জানার চেষ্টা করণেও তারা কেউ এ বিষয়ে কথা বলতে রাজি হননি। সিক্যুরিটি কোম্পানির অফিসের টেলিফোন নাম্বারে যোগাযোগ করা হলেও কেউ ফোন উঠায়নি। /সৃত্ত্ব: দৈনিক উম্বত্ত, করাচি, ৬ আগস্ট ২০০৯!

### 'র'-এর হয়ে ক্যাপ্টেন জায়েদীর তৎপরতা

এখন আমরা ক্যান্টেন জায়দী সম্পর্কে কিঞ্চিত আলোচনা করব। ভদ্রলোক পাকিস্তানি সেনাবাহিনীর স্পেশাল সার্ভিস গ্রুপ (কমান্ডো)-এর সঙ্গে সস্পুঞ্জ **ছিল । ১৯৮৭ সালে ক্যান্টেন জায়দী সিয়াচেন হিমবাহে ২৬ হাজার ফুট উঁচুতে** পাক ফৌজের পর্যবেক্ষণ ঘাঁটিতে নিয়োজিত ছিল। এই ঘাটির দখল নিতে পিয়ে পাক ফৌজের কয়েক ডজন অফিসার জীবন উৎসর্গ করেন। এখান থেকে তথু ভারতীয় সৈন্যদের গতিবিধির উপর নজর ব্রাখা সহজই ছিল না বরং তাদের সম্মথে অগ্রসর হওয়া অসম্ভব হয়ে পড়েছিল। শক্ত সেনারা সম্মুখে অগ্রসর ছওয়ার চেষ্টা করলে কায়েদ পোস্টে অবস্থানরত সাইপারদের নিখুত নিশানা ছাকে সেখানেই শেষ করে দিত। একদিন ক্যাপ্টেন জায়দী পেটে ব্যাথার ভান ৰুরে পোস্ট ছেডে নিচে বেইস ক্যাম্পে চলে গেলে ভারতীয় সৈন্য আক্রমণ তরু করে এবং সেখানে উপস্থিত পাক ফৌজের জোয়ানদেরকে শহীদ করে পোস্টটির দখল নিয়ে নেয় ৷ (এটি কাকতালীয় ছিল না সৃন্ধ পরিকল্পনার ফসল ছিল, এই **রহ**স্য হয়তো ক্যাপ্টেন জায়দী অথবা কোনো ভারতীয়ই খুলতে পারে ) এটি শাকিস্তানের জন্য মারতাক এক ঝাঁকুনি ছিল। পরবর্তীতে মেডিকেল চেক-আপে জারদী সৃস্থ প্রমাণিত হয় যার কারণে কোর্টমার্শালে তাকে বাধাতামূলক অবসর 💽রে দেওয়া হয়। যদিও কায়েদ পোস্টটি এখনও ভারতীয় সেনাবাহিনীর লবলেই রয়ে গেছে।

## ক্সাক ওয়াটার : দাজ্জাল পথপ্রদর্শক দাজ্জাল শব্দের অর্থ ও মর্ম

শর্রবি ব্যাকরণ অনুযায়ী دحل শন্দটি دحال এই থেকে নির্গত। এটা باب এর অসদার। এর অর্থ হল, মিথ্যা বলা, ধোঁকা দেওয়া এবং গোজামিল দেওয়া।
বিশ্ব দাজ্জাল শব্দের অর্থ হল, অনেক বড় ধোঁকাবাজ এবং অনেক বেশি মিথ্যুক।

#### দাজ্জালকে মাসীহ বলার কারণ

মাসীহ শব্দের আভিধানিক অর্থ অধিক ভ্রমণকারী।

দাজ্জাল যেহেতু তার ফেতনা ছড়ানোর জন্য গোটা দুনিয়া চষে বেড়াবে, এজন্য তাকে মাসীহ বলা হয়। এ কথাটি আরও স্পষ্ট করতে গিয়ে আল-কামুস গ্রন্থকার লিখেছেন, দাজ্জালকে মাসীহ বলার কারণ হল সে পুরো পৃথিবীকে তার নিয়ন্ত্রণে নিয়ে নেবে।

দাজ্জাল শব্দের **অর্থ মিথ্যুক, প্রতারক ও ধোঁকাবাজ, আমরা** তা জেনেছি। এখন আসুন আমরা নিরীক্ষা করে দেখি, দাজ্জালী গুণ ও বৈশিষ্ট্যাবলি যেসব ব্যক্তির মাঝে পাওয়া যায় তারা সম্ভবত খুব দ্রুত এই ফেতনায় জড়িয়ে পড়বে এবং এমন মানুষ তার সৈন্যবাহিনীতে অন্তর্ভুক্ত হবে। কারণ মিথ্যুক মানুষের কোনো দীন-ধর্ম থাকে না। সুতরাং আমরা যদি জাগতিক দৃষ্টিকোণ থেকে লক্ষ্য করি, তো এই তণ ও বৈশিষ্ট্য বর্তমান যুগের সবচেয়ে সেছাচারী দাজ্জালী ক্ষমতা মার্কিন সরকার ও সেদেশের সাধারণ জনগণের মধ্যে দেখতে পাব। মিথ্যা, ধোঁকা ও প্রতারণাকে এরা ইবাদত মনে করে। দাজ্জালপুত্র তার পিতার পদাঙ্কানুসরণ করে চলার কয়েকটি নমুনা দেখিয়েছে। মার্কিন সরকার এবং মিডিয়াজগত পুরোটাই মিথ্যার ঔরসজাত। আমেরিকা জাপানের দুই শহর হিরোশিমা এবং নাগাসাকিকে তাদের পারমাণবিক বোমার পরীক্ষার ক্ষেত্র বানিয়েছিল। যারা শুধু নিঃস্পাপ মানুষকে মৃত্যুর দুয়ারে পৌছে দেয়াকেই নিজের আসল কতর্ব্য মনে করে এবং দাজ্জালের নির্জীব আত্মাকে অতিরিক্ত শক্তি পৌছাতে থাকে যে, প্রস্তু দাজ্জাল দ্রুত বের হও। দুনিয়ার ময়দান আমরা জয় করে নিয়েছি। ইরাকে আমরা দুই দশক থেকে যুদ্ধ চাপিয়ে দিয়েছি। যার ভিত্তিই ছিল নির্জনা মিখ্যা। বলা হয়েছিল, ইরাক একটি পরমানবিক শক্তিধর দেশ। তাকে এটম বানানো থেকে বিরত কর । আফগানিস্তানের মিধ্যা বানানো রিপোর্ট তৈরি করে সিআইএ এবং দাজ্জালের সৈন্যবাহিনী ব্ল্যাক ওয়াটার আক্রমণ করে এবং মিখ্যা অপবাদ আরোপ করে। তালেবান জালেম, তালেবান নিষ্ঠর। তারা মেয়েদেরকে বেত্রাঘাত করে। ফাঁসি দেয়। মানুষের হাত কাটে। মানবতা বিরোধী কাজ করে। অথচ আঞ্চগানিস্তান ছিল শান্তি ও নিরাপত্তার স্বর্গভূমি। ব্রিটিশ সাংবাদিক মরিয়ম (ইভন রিডলি) তাদের মাঝে কয়েক দিন কাটিরে মুসলমান হয়ে গিয়েছে। আমেরিকা যদি আফগানিস্তান থেকে সমস্ত তালেবানৰে তাদের কাছে নিয়ে যায়, তো সব কাঞ্চের মৃহূর্তের মধ্যে মুসলমান হয়ে যাবে। তালেবান যদি কাউকে শরয়ী শান্তি দিয়ে থাকে, কারো হাত কেটে থাকে অথব বেত্রাঘাত করে থাকে, তারা তা সম্ভুষ্টচিন্তেই গ্রহণ করেছে। কিন্তু আমেরিকা সাম

সমূদ্রের ওপারে বসে হা-হতাশ করতে থাকে। অবশেষে আক্রমণ করে আফগানিস্তানের প্রতিটি ইটকে ধ্বংসম্ভূপে পরিণত করে। এরপরও লক্ষ আফগানিকে এবং লক্ষ ইরাকিকে হত্যা করে, যাদের মধ্যে নারী এবং শিশুও রয়েছে, মানবাধিকারের চ্যাম্পিয়ন, বিশ্ব নিরাপত্তার ধ্বজাধারী সাব্যস্ত করা হয় এবং প্রেসিডেন্ট ওবামাকে নোবেল গ্রাইজ দিয়ে লক্ষ মানুষের খুনিদেরকে শান্তির দুত বানানো হয়। অর্থাৎ গোটা পৃথিবীতে রাজত্বও আমেরিকার, এওয়ার্ডও আমেরিকার। যাকে ইচ্ছা সন্ত্রাসী বানিয়ে ফেলে। কে জিজ্ঞাস করবে তাকে? যে তার মিত্র তার সাত খুন মাফ। এজন্য আমেরিকান ব্ল্যাক ওয়াটার এবং यৌथवारिनीत्क माष्ट्रात्मत्र रिमावारिनी वना रतन अपूर्कि रत ना। कातन দাজ্জাল যেমন গোটা পৃথিবী চম্বে বেড়াবে আর কান্ফেররা এই ফেতনায় দ্রুত চ্চড়িত হবে, এ সময়ের দাজ্জালও যেন সাত সমুদ্রের ওপার থেকে মুসলিম দেশগুলোর উপর আক্রমণ করছে। পৃথিবী জুড়ে আমেরিকার আখড়া বানানোও এ কথার দিকে ইঙ্গিত করে যে, দাজ্জালের মত গোটা পৃথিবীকে দখল করা, নিয়ন্ত্রণ করা তার অধিকার মনে করে। দাজ্জালের খোদায়ী দাবির বিরুদ্ধে কেউ ৰাধা হয়ে দাঁড়ালে এবং তার উপর ঈমান না আনলে যেমন তাকে মেরে ফেলা হবে, তাকে সন্ত্রাসী সাব্যস্ত করা হবে, এমনিভাবে কেউ আমেরিকার মনোবাঞ্চনা পুরণের ক্ষেত্রে বাধা ও প্রতিবন্ধক হলে তাকেও মেরে ফেলা অথবা সম্ভাসী বলে অভিহিত করা হবে । হাদিস শরিফে নবী করিম সাম্মান্মান্ত আলাইহি ওয়াসাম্মাম ইরশাদ করেন, মানুষ দাজ্জালের ভয়ে পাহাড়ে আশ্রয় নেবে।/মুসলিম শরিক)

এ হিসেবে দাজ্জালী শক্তির প্রতিপক্ষরাও এসব দাজ্জালী শক্তির কারণে পাহাড় থেকে আক্রমণ করছে এবং পাহাড় ও জঙ্গলে সমর প্রশিক্ষণ গ্রহণ করে দাজ্জালী শক্তির বিরুদ্ধে অভিযানে নেমেছে। নয়-এগারোর পর জুনিয়র দাজ্জাল বুশের বস্তব্য ছিল, এই যুদ্ধে আমেরিকা ক্লান্তও হবে না এবং ব্যর্থও হবে না। বিশ ১৭

কিছ্ক আট বছর পরই আমেরিকার প্রতিরক্ষামন্ত্রীর পরাজিতসুলভ বক্তব্যও পড়ুনআমেরিকার সৈন্যবাহিনী এবং জনগণ ক্লান্ত হয়ে পড়েছে। আমরা
আকগানিস্তানে দীর্ঘ যুদ্ধে আটকে গিয়েছি। আমেরিকার প্রতিরক্ষামন্ত্রী জ্লাই ২০০৯।
আকগানিস্তানে দীর্ঘ যুদ্ধে আটকে নিয়ন্তনে নেবে, আমেরিকাও স্বপ্ন দেখে গোটা
পৃথিবী তার নিয়ন্তর্গে আসবে। কিন্তু রাসূলে আকরাম সাল্লাল্লাহ্ আলাইহি
আসাল্লামের কথা সত্য। তিনি বলেন, আমার উন্মতের একটি দল হকের
অভিরক্ষা করার জন্য যুদ্ধ করতে থাকবে। যারা এদের সঙ্গে শক্রতা করবে, এরা

তাদের উপর বিজয়ী হবে। অবশেষে এদের (মুজাহিদদের) শেষ জামাত দাজ্জাদের সঙ্গে যুদ্ধ করবে। আবু দাউদ শরিক।

পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা বলেন, নিশ্চয় আল্লাহ তায়ালা সত্যবাদীদের সঙ্গে রয়েছেন।

এখন একথা পরিকার, এই সময়ের দাজ্জাল আমেরিকা তার মিত্রবাহিনী এবং র্যাক ওয়াটার হচ্ছে, মিথ্যুকদের দল। আর এর বিরুদ্ধে সত্যের পথে লড়াইকারীরাই সত্যবাদী মানুষ। কিন্তু আমরা যখন দাজ্জালী মিডিয়ার দিকে তাকাই, আমরা এর বিপরীত চিত্রই দেখতে পাই। এক হাদিসের মর্মবাণী এটাই শেষ জমানার এটাও একটা ফেতনা যে, মানুষ সত্যকে মিথ্যা আর মিথ্যাকে সত্য মনে করতে থাকবে। আল্লাহ তায়ালা আমাদেরকে হকের উপর অটল থাকার অবিচলতা দান করুন।

#### হাদিস শরিফে দাজ্জালের পরিচিতি

বিভিন্ন হাদিসের আন্টোকে এ কথা প্রমাণিত হয় দাচ্ছালের আগমন অবশ্যই ঘটবে। এক হাদিসে রাস্পুলাহ সাম্রান্তান্ত আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, দাচ্জাল অবশ্য অবশ্যই তোমাদের মধ্যে আসবে। তার আগমন সত্য। তার আগমন নিকটবর্তী। আর প্রত্যেক আগম্ভক নিকটবর্তীই হয়ে থাকে। /মুসনাদে বাযযার)

সমস্ত নবীগণই তাঁদের উন্মতকে দাচ্জালের ব্যাপারে সতর্ক করেছেন। নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও প্রায় সময় এর তাগিদ করেছেন।

দাচ্ছালের গঠন আকৃতি সম্পর্কে বর্ণিত আছে, হযরত ইবনে ওমর রাযিয়াল্লাহ্ তায়ালা আনহু রেওয়ায়েত করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, দাচ্ছালের ডান চোখ কানা হবে। তার চোখ আঙ্গুরের মত বিক্লোরিত হবে।

দাজ্ঞাল হল দুনিয়ার সবচেয়ে বড় ফেডনা। এক হাদিসে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বলেন, হযরত আদম আলাইহিস সালাম থেকে কেয়ামত পর্যন্ত আল্লাহর সৃষ্টজীবের মধ্যে (শারীরিক গঠনের দিক থেকে) দাজ্জালের চেয়ে বড় কেউ হবে না। /মুসলিম শরিক।

রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম অন্য এক জায়গায় ইরশাদ করেন, হে লোক সকল! নিঃসন্দেহে পৃথিবীর বুকে দাজ্জালের ফেতনার চেয়ে বড় কোনো ফেতনা নেই। *ইবনে মাযা*। হবরত খাদিজা রাযিয়াল্লান্থ তায়ালা আনহা থেকে বর্ণিত আছে, দাজ্জাল সম্পর্কে রাস্লুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামের নিকট আলোচনা করা হলে তিনি বললেন, দাজ্জাল ফেডনার মোকাবেলায় আমি তোমাদের পারস্পারিক ফেডনা ফাসাদ ও দন্দ্ব-কলহকে বেশি ভয় করি। ইতোপূর্বে যায়াই এই ফেডনা থেকে নিরাপদ থেকেছে, তারাই মূলত নিরাপদ। আর আজ পর্যন্ত পৃথিবীতে ছোট বড় যত ফেডনাই প্রকাশিত হয়েছে তা দাজ্জালের ফেডনার কারণেই। । মুসনাদে আহমাদ: ৫/৩২/

#### দাজ্জালের সৈন্য কে

ইযরত আনাস রাথিয়াল্লাছ তায়ালা আনহ থেকে বর্ণিত আছে, রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইবি ওয়াসাল্লাম বলেন, (ইরানের) ইস্পাহান শহরের সন্তুর হাজার ইছদি কালো (অথবা সবুজ) চাদর গায়ে দিয়ে দাজ্জালের সঙ্গ দিবে। /মুসদিম শরিষ/

দাজ্জালের সৈন্যবাহিনী মঞ্চা-মদিনা ব্যতীত পৃথিবীর প্রতিটি শহর-নগরে প্রবেশ করবে এবং তছনছ করে ফেলবে। কিন্তু পনিত্র মঞ্চা এবং মদিনায় প্রবেশ করতে গেলে ফেরেশতারা প্রতিরোধ করবে। দাজ্জালের বাহিনী সেখানে প্রবেশ করতে পারবে না। আর দাজ্জালের ফেতনায় বেশি আক্রান্ত হবে নারীরা। হাদিস শরিফের ভাষ্য হল, পুরুষরা তাদের স্ত্রী, মা, বোন ও মেয়েদেরকে রশি দিয়ে বেঁধে রাখবে। যাতে তারা দাজ্জালের সঙ্গী না হয়।/মুসনাদে আহমান: ২/৬৭/

উপরে উল্লিখিত হাদিসগুলো থেকে জানা গেল যে, দাজ্জালের সৈন্যবাহিনী হবে ইহদি। আর দাজ্জাল নিজেও ইহুদি হবে। এ ছাড়া প্রশস্ত ও ভরাট চেহারার জাতিও তার সৈন্যবাহিন্যতে অন্তর্ভুক্ত হবে। সম্ভবত এরা হল- চীন, জাপান, কোরিয়া এবং রাশিয়ার অন্যান্য দেশের মানুষ। কাফের ও মোনাফেকরাও এই বাহিনীতে শরিক হবে। এই ফেতনায় সবচেয়ে বেশি শিকার হবে নারী।

শক্ষালের সৈন্য কালো ও সবুজ চাদরসহ তার সেনাবাহিনীতে শামিল হবে।
হয়ত ব্ল্যাক ওয়াটারের দাজ্জালী ক্রুসেডার নেতৃবর্গ এজন্য এর নামে ব্ল্যাক
কোলো) অন্তর্ভুক্ত করেছে, যাতে দাজ্জালের বাহিনীর নিদর্শনাবলি পূরণ করা হয়ে
বার । বর্তমান প্রেক্ষাপটে এটাই মনে হয় যে দাজ্জালের সৈন্যবাহিনী তার পূর্ণ
হয়তি নিয়েছে । কিন্তু মুসলমানরা গাফেল বসে আছে । আমাদের উচিত হল
ক্রেব ব্ল্যাকদের বিরুদ্ধে কালো পতাকাধারী বাহিনী, যারা হয়রত মাহদি এবং
হরুত ঈসা আলাইহিস সালামের সঙ্গী হবে, তার প্রস্তুতি গ্রহণ করা । আমাদের

#### ব্ল্যাক ওম্লাটার 🕈 ২৬

উচিত, সমন্ত মুসলমানকে দাচ্জালের ফেতনা থেকে বাঁচানোর জন্য মানুষদেরকে সতর্ক করা এবং দাচ্জালের মোকাবেলায় প্রস্তুত থাকা।

#### টার্গেট কেন পাকিস্তান?

পাকিস্তানের বর্তমান প্রেক্ষাপটে নিঃসন্দেহে দেশপ্রেমিক প্রতিটি মুসলমান অত্যন্ত ব্যথিত এবং দুঃশ্চিন্তাগ্রন্ত। এই দেশটা লক্ষ কুরবানির বদৌলতে অর্জিত হয়েছে। বুকের রক্ত দিয়ে ক্রয় করা হয়েছে। যাতে এই মাটিতে ইসলামি জীবন ও সমাজব্যবস্থা প্রতিষ্ঠিত করা যায় । কিন্তু মিডিয়ার মিথ্যাচার আর আমেরিকার সন্ত্রাসী কার্যক্রম মানুষের সামনে ইসলাম সম্পর্কে নেতিবাচক মনোভাব তৈরি करत पिराहर या. यूजनयानमञ्ज कुल-यापताजा जव जडाजीरपत कांत्रथाना । माড़ि अयोगारक है अञ्चानी यत्न कर्त्रा हर्त्र । विषयण अर्थारा अरम औष्ट्राह्य स्य, কোনো পরিবারে কেউ দাড়ি রাখলে তাকে কাটতে বলা হয়। যাতে সম্ভাসী বলে ধরে না নিয়ে যায়। এক বন্ধু মুফতি কয়েকদিন আগে পাসপোর্ট করার জন্য গিয়েছেন। সেখানে তার পাগড়ি-টুপি সব খুলে ফেলতে বলা হয়। এক অফিসারকে বিষয়টা জিজ্ঞাস করলে তিনি সরকারি দপ্তরের একটি চিঠি দেখান, যাতে পাগড়ি এবং টুপির উপর X ক্রস চিহ্ন দেওয়া রয়েছে। অফিসার এই আশঙ্কাও প্রকাশ করেন যে, মুফতি সাহেব ভবিষ্যতে এই কোঠায় দাড়িও হয়ত পড়বে। যাতে কোনো দাড়িওয়ালা মানুষ পাকিস্তানের বাইরে যেতে না পারে। পাকিস্তানের ক্রমবর্ধমান সন্ত্রাসী কার্যক্রমের নানা ঘটনায় অন্তুত ও বিস্ময়কর ব্যাপার ঘটছে। তালেবান কোনো বিক্ষোরণের দায়িত্ব স্বীকার করলে সেটা কোনো একভাবে দায়মুক্ত হয়ে যায়। এই অবস্থায় প্রশ্ন ওঠে যে, ষিতীয় আর কেনো গোপন শক্তি রয়েছে যারা দেশে করাচি থেকে খায়বার এবং গোওয়াদার পর্যন্ত জঙ্গি কার্যক্রম দ্বারা লাভবান হচ্ছে এবং পাকিস্তানকে ক্ষতিগ্রন্ত করছে। আমাদের এই বইয়ের বিষয় ভালেবান সমরশ্রীতিও নয় আবার আইন বান্তবায়নকারী প্রতিষ্ঠান কিংবা পাক সেনাবাহিনীও নয় । এদের পারস্পারিক যুদ্ধ থেকে দৃষ্টি সরিয়ে এই বইয়ের উদ্দেশ্য আরেক শক্তি, আমেরিকার ব্ল্যাক গুরাটার। এই দুই ঞ্চপের বিবাদমান লড়াইরে হাওয়া দেওয়াও আমাদের উদ্দেশ্য নয়। আমরা পাকিস্তানের সেনাবাহিনীর জন্য বই লিখে কোনো পদক অথবা এওয়ার্ড অর্জন করতে চাই না আবার পাকিস্তানি তালেবানের জন্য কোনো বই লিখে গ্রন্থীয় বৈধতাও পেশ করতে চাই না। কারণ বই দিয়ে যুদ্ধ থামানো সম্ভব নর। বৃদ্ধ থামানো সম্ভব নয় গরস্পর বিরোধী দুটি গ্রন্থের বিরুদ্ধে সমালোচনা ও কাদা ছুড়াছুড়ি করেও। উভয় গ্রুপের নিকটই নিজ নিজ আলেম,

স্কলার এবং প–িত ব্যক্তিত্ব রয়েছেন। তাদের দারা এই কাজ খুব সুন্দরভাবেই সম্পন্ন হতে পারে। একজন প্রকৃত দেশপ্রেমিক হিসেবে আমাদের চাওয়া পাকিস্তানের সার্বভৌমত্ব ও নিরাপন্তা । এ অবস্থায় ধর্মীয় বিভিন্ন সংগঠন জমিয়তে উলমায়ে ইসলাম (ফ) (স) এবং জামাতে ইসলামীর মনোয়ার হোসাইন বর্তমান সরকারের বিরোধিতা করছেন যে, সামরিক অপারেশন সমাধান নয়। বরং এর ষারা আরও বহুবিধ সঙ্কট সৃষ্টি হয়ে থাকে। পিটিভিতে জমিয়তে ওলামায়ে ইসলামের এক মন্ত্রী ২৯ অক্টোবর রাতের প্রোগ্রামে এ বিষয়ে আলোচনা করেছিলেন। তিনি বলেছেন, মাওলানা কজলুর রহমান তো সরকারের কাছে আবেদন করেছে যে, আমি সরকার এবং তালেবানের সঙ্গে আলোচনা করার জন্য প্রস্তুত রয়েছি। আর তিনি এখনও একথায় অটল রয়েছেন। মন্ত্রী মহোদয় বলছিলেন, আমাদের প্রস্তাবকে অগ্রাহ্য করে সরকার ভুল করেছে। পক্ষান্তরে সাধারণ কোনো মানুষ কোনো দলের সহযোগিতা করলে তাকে খুন করা হয় অথবা গুম করা হয়। বর্তমান সরকার, গোপন বাহিনী এবং বর্তমান সেনাবহিনীর কাছে আমাদের এটাও আবেদন যে, কোনো নীতিবান সাংবাদিক আপনাদের দৃষ্টিভঙ্গির সঙ্গে এক মত পোষণ না করলে তাকে শান্তিযোগ্য ভাবা হয়। কিন্তু পার্লামেন্ট হাউসের নরম চেয়ারে যারা বসেন তারা এর থেকে দায়মুক্ত থাকেন। তদ্ধি অভিযানের একটি অভিযান যদি ইসলামাবাদের পার্লামেন্ট ভবনে পরিচালিত হতো তাহলে নিঃসন্দেহে তালেবান সহযোগী ব্যক্তিদের থেকে মৃক্তি ও निकृष्ठि मिन्छ। সরকার যদি এমন मा করে তাহলে আমরা জাতি হিসেবে সমস্ত রাজনৈতিক ও ধর্মীয় দলকে এ কথা বললে ন্যায়ানুগই হত যে, এগুলো চেয়ার, নেতৃত্ব আর ডলারের যুদ্ধ এবং সম্ভাসী কার্যক্রমে নেতৃবর্গও জড়িত রয়েছেন। কিন্তু এর থেকে মুক্তি হয়তো কারো কপালেই নেই। হিলারি ক্লিনটন, রিচার্ড হলক্রেক এবং জন কেরি এজন্যই ঝটিকা সফর করছে। আর এবার সে লোগার নামে আমেরিকা থেকে আমদানিকৃত ললিপপ এনেছে। এই ললিপপ ৰাহ্যত মিষ্টি হলেও এর ক্রিয়া বিষের চেয়েও মারাজুক। এই দলিপপলোভীদের মুখ থেকে লোল টপকে পড়ছে, কখন তা মুখ পুরবে।

হিশারি ক্লিউনের পাকিস্তান সফরে পৌঁছা এবং পেশওয়ারে পাকিস্তানের ইতিহাসের ঘৃণ্যতম ট্রাজেডি ঘটা, বাতে ১৫০ নিঃল্পাপ পাকিস্তানি সহিংসভার শিকার হয়েছে এবং অসংখ্য মানুষ আজীবনের জন্য প্রতিবন্ধী হয়েছে, এ বিষয়ে বিশ্বরকর সব বিবৃতি আসছে। কিছু বিবৃতির পর্যালোচনা করছি। সেক্যুলার শক্রিকা দিয়েই শুক্ল করছি। ধর্মীয় কোনো সাময়িকী বা দৈনিকের উদ্বৃতি দিলে

#### ব্র্যাক ওয়াটার 🕈 ২৮

বলা হতে পারে এগুলো সন্ত্রাসীদের সহযোগী। কিন্তু এক্সপ্রেস গ্রুপ যারা বামপন্থী চিন্তাধারায় জং গ্রুপ থেকেও এগিয়ে গিয়েছে। দেখুন–

এক্সপ্রেসের বিখ্যাত সাংবাদিক আবদুল্লাহ তারেক সুহাইল তার ধারাবাহিক কলাম এবং অন্যান্য জায়গায় লিখেছেন—

'বেলুচিস্তানের সন্ত্রাসী কার্যক্রমে ভারত সরাসরি জড়িত। পাকিস্তানের সন্ত্রাসী কার্যক্রম পরিচালনার জন্য আফগানিস্তানস্থ ভারতের ৯টি কনস্যুলেট অফিসে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। বেলুচিস্তানের ৯৫% সন্ত্রাসী কার্যক্রমে ভারত জড়িত এবং সিস্তানের (ইরান) বিক্ষোরণেও ভারতের হাত রয়েছে। সে কখনোই চায় না পকিস্তান এবং ইরানের সম্পর্ক ভালো হোক।'

এই বিবৃতি বেলুচিস্তানের শিক্ষা মন্ত্রী শফিক আহমাদ খানের। ২৪ অক্টোবর তিনি এই বিবৃতি দেন। পরদিনেই তাকে পদ থেকে সরিয়ে দেওয়া হয়। ওই দিনেরই সংবাদ, পেশওয়ারের মার্কেটের বিক্ষোরণ রিমোটকন্ট্রোলের মাধ্যমে করা হয়েছে। তালেবান এই বিক্ষোরণের দায়ভার নিতে অশ্বীকার করেছে। ইসলামি ইউনিভার্সিটির বিক্ষোরণে যেই লাশকে আত্মঘাতী হিসেবে বলা হয়েছে, তা ইউনিভার্সিটিরই এক ছাত্রের। তার পরিচয়পত্রও উপস্থাপন করা হয়েছে।

হামলা-হাঙ্গামা বাজারের বেশি দোকান তালেবানের। কিন্তু কিছু নতুন বণিকও এখন সেখানে স্থান করে নিচেছ। মরহুম শফিক আহমাদ যার মধ্যে একটাকে চিহ্নিত করেছেন। দ্বিতীয়টার নাম আমেরিকান ব্র্যাক ওয়াটারের কথা বলা হচেছ। কিন্তু কেউ চিহ্নিত করার দৃঃসাহস করে না। সবাই হয়ত শফিক আহমাদের পরিণতির ভয় করে।

এ সংবাদটি দেখুন, সরকারি পুলিশ সেক্টর এফ-৮ থেকে চারজন আমেরিকানকে অত্যাধুনিক অস্ত্র ও ভুয়া নামার প্রেট লাগানো গাড়িসহ জিম্মায় নিয়েছে। কিন্তু পরবর্তীতে প্রশাসনের হস্তক্ষেপে তাদেরকে ছেড়ে দেওয়া হয়। এক্ষেত্রে কোনো মামলাও লিপিবদ্ধ হয়নি। পুলিশ ফাঁড়িতে রেখে তল্লাশি করতে চাইলে তারা নিজেদেরকে মেরিন সেনা বলে অস্বীকার করে। তাদের কাছে নিষিদ্ধ বোরের কয়েকটি রাইফেল, দৃটি পিন্তল এবং হাত বোমা পাওয়া গিয়েছে। সংবাদ সংস্থার তথ্যান্যায়ী, ওই চার আমেরিকান স্পর্শকাতর বিভিংয়ের ছবি তুলছিল। পুলিশ জানিয়েছে, আমেরিকান নাগরিক এবং ব্যাক ওয়াটারের কার্যক্রম সীমাতিরিক্ত বৃদ্ধি পেয়েছে। প্রশাসন বলেছে স্বরাষ্ট্রমন্ত্রণালয়কে এ বিষয়ে চিঠি লেখা হবে।

চিঠি লিখলে কি হবে? যে লিখবে সেই আবার পাকড়াও না হলে হয়। ইতোপূর্বে সিক্যুরিটি বিভাগের হস্তক্ষেপের পর এদের তৎপরতা কিছুটা কমেছিল। এখন আবার গোলমাল শুরু করে দিয়েছে। তিনদিন পূর্বে পেশাওয়ারে নাগরিকদেরকে হয়রানি করতে দেখা গিয়েছে। এখন ইসলামাবাদে হাভ বোমাসহ ধরে আবার ছেড়ে দেওয়া হয়। হে আল্লাহ এই লা-ওয়ারিশ দেশের কল্যাণ হোক। /২৯ অটোবর ২০০৯, এক্সপ্রেমা

সুন্নি আন্দোললেন কেন্দ্রীয় যোগাযোগ কমিটির প্রধান হাফেজ শাহেদ ছুসাইন বলেছেন, পাকিস্তানের সীমানার ভেতর পাকিস্তানের আইন লজ্ঞানকারী আমেরিকানদেরকে কারো সুপারিশে ছেড়ে দেওয়া রাষ্ট্রীয় আইনের লজ্ঞান। /২৯ জক্তৌবর ২০০৯ দৈনিক এক্সপ্রেস)

৩০ অক্টোবরের সমস্ত পত্রিকায় ইসলামাবাদের ডিআইজির বিবৃতি এসেছে। তিনি বলেছেন, আমেরিকানদেরকে আমি মগুরী অধিকার ব্যবহার করে নিজ জামানতে ছেড়ে দিয়েছি। যদিও তাদের গাড়ির নামার প্রেট ছিল ভূয়া। আত্মঃরাষ্ট্রীয় সীমাবদ্ধতার কারণে বিদেশি ক্টনৈতিক বা দূতাবাদ কর্মীদের ছাড় দিতে হয়।

#### পাকিস্তানের পারমাণবিক প্রোগ্রামে মার্কিন নজরদারি

'এশিয়ান এইজ' সুপরিচিত ওয়েবসাইট 'ইন্টারন্যাশনাল এনালিস্ট নেটওয়ার্ক'এর রিপোর্টের উদ্ধৃতি দিয়ে দাবি করেছে যে, পাকিস্তানের পারমাণবিক
প্রোগ্রামের গোপন পর্যবেক্ষণ নিশ্চিত করার প্রমাণ বিদ্যমান রয়েছে। আর এটা
বহুল প্রচলিত সত্য যে, মার্কিন দৃতাবাস ও সে দেশের প্রশাসন কাহোটায়
গোয়েন্দাগিরি করছে, যেখানে গুরুত্বপূর্ণ পারমাণবিক স্থাপনা রয়েছে। রিপোর্ট
অনুযায়ী পাকিস্তান সরকারের বিভিন্ন ব্যক্তিরও গোয়েন্দাবৃত্তি কাজে সহযোগিতার
প্রমাণ রয়েছে। এ বিষয়ে শ্বরাষ্ট্রমন্ত্রণালয়ের আচরণ প্রশ্নবিদ্ধ হিসেবে উপস্থাপন
করা হয়েছে যে তারা আমেরিকানদেরকে সন্দেহজনক কার্যক্রমের অনুমতি
দিছে। স্বরাষ্ট্রমন্ত্রণালয় স্বীকার করেছিল যে আমেরিকান প্রতিরক্ষা কন্ট্রান্তর
গোপন ইন্টেলিজেসকে অবগত করা ছাড়াই পাকিস্তানের মাটিতে সন্দেহজনক
কার্যক্রম চালাছে। এর আগে রিপোর্ট প্রকাশিত হয়েছিল যে আমেরিকান
ক্রশাসন সাহালা পুলিশ প্রশিক্ষণ কলেজের মাধ্যমে কাহোটায় পারমাণবিক
ক্রশানর পর্যবেক্ষণ করছে। আর এই পর্যবেক্ষণ কার্যক্রম ২০০৩ থেকে চলছে।
ক্রহালায় বিশাল বড় একটি অংশ জুড়ে আমেরিকান প্রশাসন ঘাটি প্রতিষ্ঠা
করেছে। যার চারপাশে উঁচু দেয়াল রয়েছে। সেখানে প্রশিক্ষণ কলেজের সিনিয়র

কর্তৃপক্ষেরও প্রবেশের অনুমতি নেই। আমেরিকান প্রশাসন ঘাটির প্রবেশ মুখে অনেকগুলো সাইন বোর্ড লাগিয়েছে। যেখানে বিদেশিদের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। এদিকে পাকিস্তান প্রশাসনের উর্ধ্বতন কর্তৃপক্ষ মার্কিন হস্তক্ষেপের ব্যাপারে বারবার অভিযোগ উত্থাপন করেছেন। কিন্তু নিরাপত্তার বিষয়টা রহস্যজনক কারণে এড়িয়ে যাওয়া হয়েছে। পাকিস্তানে আইন অমান্যকারী আমেরিকানদেরকে ছেড়ে দেওয়া বাস্তবিক অন্যায়।

#### ইতিহাসের শিক্ষা

ইতিহাস সাক্ষী, ইংরেজ কুসেডার ও জায়নবাদীরা যে ভূমিতেই পা রেখেছে, তাদের নাপাক কদম এবং ঘৃণ্য চিন্তাধারা ও কর্মকা- মুসলিম রক্তর প্রবাহিত হওয়া, কয়েদখানা আবাদ হওয়া, মুসলমানদের জনবসতি বিরান হওয়া, মুসলিমগণ নেতৃত্বহীন হয়ে পড়া ও নিত্যনতুন বিশৃঞ্চলার জন্ম দেয়ার কাজে ব্যবহৃত হয়েছে।

উপমহাদেশে যখন শ্বেত চামড়ার অধিকারী কালো ধান্ধার লোকেরা আগমন করেছিল, তখন এখানে মুসলিম শাসকরা বিরাজমান ছিল। যদিও তারা তাদের কর্মপদ্ধতি এবং সাধারণ জনগণের জীবনযাপনের ক্ষেত্রে ইসলামি রাষ্ট্রব্যবস্থার পূর্ণাঙ্গ রূপ বা শরিয়ত ব্যবস্থা বাস্তবায়ন করতে পারেনি, কিন্তু তাদের শাসনব্যবস্থায় ইসলামের কিছু ঝলকও দেখা যেত। এদের মধ্যে কিছু কিছু সং শাসকও অতিবাহিত হয়েছেন। কিন্তু দুঃসময় যখন ঘনিয়ে আসে তখন ভালো মানুষও চলে যেতে থাকে। এদের মধ্যে কতিপয় এমন ব্যক্তিত্বও ছিলেন যারা সাহসিকতার সঙ্গে বেনিয়া রাজত্বকে তাড়ানোর জন্য দৃঢ়পদে মোকাবেলা করেছেন। শেরে মহিসুর সুলতানটিপুও এসব ফিরিঙ্গীদের সঙ্গে জানপ্রাণ দিয়ে লড়াই করেছেন। বেশ কয়েকটি লড়াইয়ে ফিরিঙ্গীদেরকে করুণভাবে পরাজিত করেন তিনি। তাঁর এই ঐতিহাসিক উক্তি আজও মানুষের মুখে মুখে, 'শৃগালের ন্যায় শত বছর বেঁচে থাকার চেয়ে বাঘের যত একদিন বেঁচে থাকা উত্তম।'

হায়! বর্তমান যুগের মুসলিম দেশগুলোর শাসকরাও যদি এই বাক্যটার উপর আমল করত। কারণ কুরজান-হাদিস এবং ইসলামি জীবনব্যবস্থার প্রতি এ যুগের জনেক মুসলমান বিরক্তি হয়ে পড়েছে। আমি এক ম্যাগাজিনে একটি প্রবন্ধ পড়লাম। প্রবন্ধটির শিরোণাম ছিল 'সাতার ইসরাইল'। লেখক সম্ভবত বর্তমান সময়ের সুপার পাওয়ারের অহমিকার নেশায় উন্যাদ আমেরিকার ইসলামি রাষ্ট্রগুলোর উপর বিস্তৃত প্রভাব ও নিয়ন্ত্রণের কারণে ইসলামি

রাট্রগুলোকে এমন নাম দিতে বাধ্য হয়েছে। আমাদের মুসলিমসমাজ যখনই ইসলাম থেকে দূরে সরে গিয়েছে, তখনই তারা ফিরিঙ্গী সভ্যতায় একাকার পড়েছে। বর্তমান সময়ের মুসলমানদের বড় ট্রাঞ্জেডি হল, তারা ভারতীয়, ইহুদি ও খ্রিস্টানদের প্রতারক মিডিয়া দেখে তাদের জীবনযাপন পদ্ধতি গ্রহণ করতে অভ্যম্ভ। টিভির ক্রিনের রঙিন জীবন দেখেই মুগ্ধ হয়ে যায় এবং তা ধারণ করার জন্য উন্মাদ হয়ে যায়। মুসলমান যুবকেরা উদার সামাজিক দৃষ্টিভঙ্গিতে স্কুল কলেজ ও ইউনিভার্সিটির সহশিক্ষার পরিবেশে উঠতি তরুণীদের সঙ্গে এনজয় করে সময় কাটায়। এসব স্কুল কলেজ ও ইউনিভার্সিটিগুলোতে শৈশব থেকে আমাদের নিঃস্পাপ ছেনে-মেয়েদেরকে ভারতীয় ও ইংলিশ গান এবং মিউজিকের উপর নৃত্য করতে শেখায়। এমনকি সুন্দর বাচ্চাদেরকে, হোক তারা আপন ভাই-বোন, এসব নিঃস্পাপ আপন ভাই-বোনকে স্বামী-স্ত্রীর চরিত্রেও অভিনয় করতে দেওয়া হয়। আধুনিক শিক্ষা পদ্ধতির সঙ্গে সম্পৃক্ত স্কুলগুলোতে এ ধরনের বেশ কয়েকটা ঘটনা ঘটেছে। এ ধরনের একটি বাস্তব ঘটনাও আপনাদের সম্মুখে রয়েছে। অথচ এই পান্চাত্য শিক্ষাব্যবস্থা নিয়েই আমাদের কারো কারো আহোদের শেষ নেই। স্কুলের টিচার স্কুলের বার্ষিক অনুষ্ঠানের এক মাস পূর্বে নাম নির্বাচন করে এই ঘৃণ্য ড্রামার এ্যান্তিং শেখায়। নির্বারিত তারিখে স্টেজ সাজানো হয়। ভাই-বোনের বিয়ে পড়ানোর জন্য একজন আসে। সেও ৰাচ্চা, কিন্তু মুখে কৃত্ৰিম দাড়ি লাগানো। উভয়কে কালেমা পড়ানো হয়। যৌতুকের বিশাল বড় লিস্ট পড়া হয়। এটা যেহেতু দ্রামা, তাই বর-কনে উভয়পক্ষের বাবা-মাও হয় বাচ্চারা। তারা পরস্পরে হাসি-আনন্দে সব গ্রহণ করে। হাসি-আনন্দে ভাই-বোনকেও গ্রহণ করে এবং একটি রুমে প্রবেশের মাধ্যমে ড্রামার সমাণ্ডি ঘটে। এরপর কি হয় তা বলার ভাষা আমার নেই। এই সুক্ত চিন্তার কোন প্রভাবই তাদের মা-বাবার উপর পড়ে না। এমনকি অনুষ্ঠানের **চেয়ারে ওই সব বাচ্চার মা-বাবাও আমন্ত্রিত হন। আমি যে ঘটনা বললাম, এটি** 🗣 লেভেলের একটি স্কুলের বাস্তব ঘটনা। বলুন, যে বাচ্চারা স্কুলে এসব চরিত্রে **ছিভিনয় করবে, তারা বাসাতে কি এর থেকে নিরাপদ থাকবে?** 

কুশনানদের অনেক বেশি ভাবতে হবে। তাদের উচিত সম্ভানদেরকে ইংলিশ
কুশ এবং খ্রিস্টান এনজিও কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠানগুলোতে ভর্তি করানোর
ক্রিবর্তে ইসলামি কোনো কুলে ভর্তি করানো। যাতে অন্তত বাচ্চারা মা-বাবা ও
ক্রিই-বোনের সম্পর্কের পবিত্রতা বিষয়ে শিখতে পারে, জানতে পারে। এই
ক্রিনার আমার রায়বেন্ডে এক তাবলীগী জামাতের কারগুজারির কথা স্মরণ হল।
ক্রিমাতটি ৯/১১-র সময় আমেরিকায় নানা রকম চড়াই-উৎড়াই পাড়ি দিয়ে

পাকিস্তানে পৌঁছেছিল। আমি ব্যক্তিগতভাবে তাদের সঙ্গে সাক্ষাৎ করি এবং তাদের কারগুজারি গুনি। একটি বিষয় আজ আট বছর পরও আমার কানে গুঞ্জরিত হচ্ছে। তার কথা ছিল অনেকটা এমন, আমেরিকার নাগরিক মুসলমানরা ওখানকার নারী-পুরুষের অবাধ মেলামেশার পরিবেশের কারণে খুবই কষ্টে রয়েছে। কারণ পাশ্চাত্যসমাজে আত্রীয় সম্পর্কের কোনো ভেদাভেদ নেই। অনেক মুসলমান যারা বাহ্যত দীনদার, মসজিদে গিয়ে নামাযও আদায় করে, তাবলিগ জামাত গেলে তাদের কথাও শোনে। এ ছাড়া যে কোন ইসলামি সংগঠন কথা বললে মনোযোগ দিয়ে শোনে। অনেক আমেরিকান মুসলমান ওখানকার আইনের কারণে নিজের মেয়েকে এ কথা পর্যন্ত জিজ্ঞেস করতে পারে না যে, রাতে তুমি কোখায় ছিলে? সারাদিন কোখায় কাটালে? এমনকি বাসাতেও যদি মেয়ের ফ্রেন্ড আসে তো মেয়ে মা-বাবার সঙ্গে বন্ধকে দেখা করিয়ে সোজা নিজ ঘরে নিয়ে যায়। অনেক আমেরিকান মুসলমান এ জন্য কৃতজ্ঞতা আদায় করে যে আমার মেয়ে যদি বাইরে রাত যাপন করে, অন্ততপক্ষে কোনো মুসলমানের সঙ্গে নম্ন বরং অমুসলিমের সঙ্গে রাত যাপন করে ৷ অত্যন্ত দুঃখ ও পরিতাপের জায়গা। এটা মনগড়া কোনো কথা নয়। আমি নিজ কানে এ কথা ন্তনেছি। যিনি এই কারগুজারি ন্তনাচ্ছিলেন, তিনি নিজেও কাঁদছিলেন আমাকেও কাঁদাচিছলেন।'

ইংরেজরা এই অঞ্চলে পা রেখেই লর্ড ম্যাকলের আধুনিক শিক্ষাব্যবস্থা উপহার হিসেবে আমাদেরকে দিয়েছিল। লর্ড ম্যাকলের উক্তি হল, 'আমরা মুসলমানদেরকে এমন একটা শিক্ষা উপহার দিয়েছি, বাহ্যত তারা মুসলমান হবে আর অন্তঃকরণে হবে খ্রিস্টান।'

আজ তারা মুসলমানদের উপর সন্ত্রাসবাদী কর্মকা- চালাচ্ছে। এসব যুদ্ধে রক্তপাত ও মুসলমাদের সম্ভমহানি ঘটছে। ইংরেজরা হিন্দুস্তানে আসার পরেই কালাপানি, মান্টা এবং আন্দামান দ্বীপপুঞ্জে কয়েদখানা স্থাপন করে। ইংরেজ বিরোধী মুসলমানদেরকে জুলুম-নির্যাতন করে দমন করা হয়েছে। এরপরও যারা তাদের বিরুদ্ধে জেগেছে তাদেরকে কালাপানিতে পাঠিয়ে দিয়েছে।

ইংরেজরা আফগানিস্তানে এসেছে তো যুদ্ধের বীভৎসতা, কয়েদখানা হিসেবে শুওয়াস্তানামো, শিবারঘান, বাগরাম সৃষ্টি হয়েছে।

ইংরেজরা পাকিস্তানে এসেছে তো, ডাক্তার আবদুল কাদিরের মত হিতৈষী কারাগারের অন্ধপ্রকোষ্ঠে নিক্ষিপ্ত হয়েছে। মুসলিম জাতির কন্যা আফিয়া সিদ্দিকীকে তিনটি দুধের বাচ্চাসহ জন্মভূমি পাকিস্তান থেকে তুলে নিয়ে ডলার পূজারীরা আমেরিকায় পৌঁছে দিয়েছে। বেশুচিস্তানে প্রায় দুইশ'র মত মুসলমান

বোনকে জ্যাতাভিমানী হওয়ার কারণে শুম করা হয়েছে। ব্র্যাক ওয়াটারের অপবিত্র অস্তিত্ব শামসী এয়ারবেইস, শাহবাজ এয়ারবেইস, তারবিলা জ্যাকোবাবাদ এবং বিশেষ করে ইসলামাবাদকে কালিমা লেপন করেছে।

ভাদের হস্তক্ষেপের কারণে চতুর্দিকে শুধু বারুদ, বিক্ষোরণ আর রক্তের ছাপ।
নিঃম্পাপ মুসলমানরা আমেরিকার যুদ্ধের ইন্ধনে ভঙ্ম হচেছ। হিলারি ক্লিন্টন ২৮
অক্টোবর যেই না পাকিস্তানে এসেছে, পেশওয়ারে শতাধিক মানুষ সন্ত্রাসী
সহিংসতার শিকার হয়ে শহীদ হয়েছে। দুই শতাধিক লোক সারা জীবনের জন্য
পঙ্গু হয়ে গিয়েছে। কয়েকটি বিশ্তিং ধ্বংসম্ভপে পরিণত হয়েছে। সন্ত্রাসের
প্রেতাত্মা যেন বীভৎসরূপে হাজির হয়েছে। এই প্রেতাত্মার রূপ চিনুন।
পাকিস্তানের প্রতিরক্ষার জন্য এটাই সবচেয়ে উত্তম। মনে রাখবেন, কালো জাদুর
(ব্ল্যাক ম্যাজিক) শক্তির অধিকারী ব্যক্তির নজর এই দেশের উপর রয়েছে।
আল্লাহ তায়ালা এই দেশসহ সমস্ভ মুসলিম দেশগুলোকে শান্তি ও নিরাপত্তার
মাতৃকোল বানিয়ে দিন। ইসলামি খেলাফত দান করুন।

ইংরেজরা ইরাকে এসে তাদের ব্ল্যাকমেইল ব্ল্যাক ওয়াটারের সঙ্গে নির্মমভাবে মুসলিমদের রক্তপাত ঘটাতে থাকে। দুই লাখ ইরাকিকে এ পর্যন্ত আমেরিকার বোদিং ও ফায়ারিং করে চিরদিনের জন্য ঘুম পাড়িয়ে রেখেছে। আবু গরিব জেল, ক্যাম্পক্রপার এবং ব্র্যাক ওয়াটারের তত্ত্বাবধানে মুসলিমদের ১৮টি জেলখানায় বন্দী রাখা হয়েছে। প্রতিটি সচেতন মানুষের চিন্তা করা উচিত যে এসব সাদা চামড়ার কালো কুকুরগুলোই সবসময় মুসলিম দেশগুলোর উপর স্বাক্রমণ করে। মুসলমানরা কখনো কোনো দেশের উপর আক্রমণ করে না। প্রথম থেকে আক্রমণ সবসময় সাদা চামড়ার ইংরেজরাই গুরু করেছে। কিন্তু জায়নবাদী, খ্রিস্টবাদকেই আজকাল নিরাপত্তার দৃত সাব্যস্ত করা হয় এবং ভাদেরকেই শান্তির জন্য পুরস্কৃত করা হয়। এমনকি আমেরিকার সাদা চেয়ারে বৰন কৃষ্ণ বর্ণের প্রেসিডেন্ট আসীন হয়, ব্ল্যাক ওয়াটারও তখন গোটা পৃথিবীতে ভোলপাড় শুরু করে দেয়। আফসোস শত আফসোস, মুসলিম দেশগুলোর উপর বোমাবর্ষণকারী এবং মুসলিম নারী-শিশুদের ঘাতকই শান্তির পুরস্কার লাভ 🕶 বছে। এর মানে খৃস্টানরা এ কথা প্রমাণ করে দিয়েছে যে, রঙ সাদা না काला- সেটা মুখ্য বিষয় নয়। যার কালো কর্ম বেশি হবে, সেই নিরাপত্তার 🕶 জাধারী। সেই শান্তির দৃত। এজন্য সময় মত যদি আমরা কাফের, মোনাফেক ও মুরতাদদের চালবাজি বুঝতে সক্ষম না হই, ইতিহাসের শাখ্যানের পাতায়ও আমাদের নিশানা থাকবে না ।

### ব্যাক ওয়াটার : কুসেডার ক্কুর

১৯৯৭ সালে আমেরিকার ক্যারোলিনা রাজ্যে ব্ল্যাক ওয়াটার প্রতিষ্ঠিত হয়। এই সংগঠনটি প্রতি বছর চল্লিশ হাজার যোদ্ধাকে প্রশিক্ষণ দেয়। আর্ক প্রিন্স এবং ক্লার্ক এই সংগঠনটির প্রতিষ্ঠাতাদের অন্তর্ভুক্ত ছিল। এদের দারা ভাড়ার ভিত্তিতে শুম-খুন এবং ধ্বংসযজ্ঞের কাজ নেওয়া হয়। এরা অত্যন্ত নিষ্ঠুর এবং কসাই প্রকৃতির হয়ে থাকে। আমেরিকায় যে সব অবৈধ শিশু ভূমিট্ট হয়, এই সংগঠনটি তাদেরকে গ্রহণ করে এবং তাদেরকে এমনভাবে দাদন-পাদন করতে থাকে যে তাদের ব্যক্তিত্বে নিষ্ঠূরতাকে ভরে দিতে থাকে। এরা সবধরনের আত্মীয়তার বন্ধন থেকে মুক্ত থাকে। এজন্য মানুষের সঙ্গে পতসুলভ আচরণ করতে তাদের বিবেকে বাধে না। এদের মাও নেই, বাগও নেই। আমেরিকার সমাজ এমনি সব ধরনের অশ্রীলতার নিরাপন্তা বিধান করে। এই সমাজে ছেলে-মেয়েদের অবৈধ সম্পর্ককে দোষণীয় মনে করে না। এমনকি রাস্তা-ঘাটে এবং উন্মুক্ত স্থানে বসে চুমু খাওয়া, আলিঙ্গন করা এবং ব্যাভিচারে লিঙ হওয়াকে খারাপ দৃষ্টিতে দেখা হয় না। পুরুষে পুরুষে এবং নারীতে নারীতে বিবাহও সেখানে আইনসমত। হয়ত এজন্যই আমেরিকা সরকার অশ্রীলভা ব্যাপক রেখেছে যাতে ব্যাক ওয়াটারে সদস্য তৈরিতে সঙ্কট সৃষ্টি না হয়। বরং প্রতিনিয়ত যেন তাদের সংখ্যা বৃদ্ধি করা যায় এবং নিজেদের স্বার্থ রক্ষার্থে বিভিন্ন দেশে তাদেরকে ব্যবহার করা याग्र । আমেরিকা এ কথা খুব ভালোভাবেই উপলব্ধি করে যে, যেসব দেশে প্রকাশ্যে তাদের সামরিক তৎপরতা পরিচালনা করা যায় না কিংবা নিয়মতান্ত্রিক সৈন্য ব্যবহারে ব্যাপক ক্ষতির সম্মুখীন হতে হয় এসব রাষ্ট্রের অভ্যন্তরে বিশৃষ্থালা ও গোপন মিশনে তারা ব্রাক ওয়াটারের মত গুপ্তঘাতক সংগঠনগুলোকে ব্যবহার করে। ব্র্যাক ওয়াটারের সঙ্গে সংযুক্ত এসব লোকের জন্য কান্নাকাটি করারও কেউ নেই, হৈ চৈ বাঁধানোর কেউ নেই। এ দৃষ্টিকোন থেকে আমেরিকা এদেরকে ব্যবহার করা নিরাপদ ও উত্তম বিবেচনা করে থাকে। আমেরিকা ও ইউরোপিয় কান্ত্রিগুলোকে তো Heaven of Gays বা সমকামিতার বর্গভূমি বলা হয়। তা ছাড়া আমেরিকায় তো প্রতি ঘণ্টায় দুই শ'র বেশি ব্যাভিচারের ঘটনা ঘটে।

বিশ্বের সর্বাধিক প্রচারিত ও সর্ববিখ্যাত মার্কিন ম্যাগাজিন টাইমে (Time) বিষয়ে একটি বিশেষ সংখ্যা বের হয়। ওই সংখ্যার প্রচ্ছদে ১২ বছরের একটি মেয়ের ছবি ছাপানো হয়। তাতে ইংরেজিতে লেখা ছিল, Children Having Children শিশুও শিশু ধারণ করে। প্রচ্ছদে মেয়েটাকে গর্ভবতী দেখানো হয়। মেয়েটি তার গর্ভের পেট নিয়ে হাসছিল। বাচ্চা মেয়েটি আরেকটি বাচ্চা প্রসবের

কর প্রস্তুত হয়ে আছে। তার হাসির দ্বারা Time ম্যাগাজিন এটাই স্পষ্ট করছিল বে, এসব বাচ্চা মেয়েরাও খুশি মনে গর্ভবতী হচ্ছে। কারণ আমেরিকায় বাচচা চুমিষ্ট হওয়ার সময় আনন্দ উদযাপন করার প্রখা রয়েছে। তারা আনন্দ করে বলে, আমাদের ঘরে Baby born হয়েছে। এগুলো আমেরিকার মিডিয়াই কছে। ব্র্যাক ওয়াটারের শিষ্যরা সিভিল পোশাকে সজ্জিত থাকে। তারা কথা বলে কম। অন্তের ভাষায় কথা বলতেই এরা বেশি পটু। এদের দ্বারা রাজনৈতিক হুলার মিশনগুলোই বেশি পরিচালনা করা হয়ে থাকে। যেসব দেশে ব্র্যাক তর্যাটারের দ্বারা কাজ নেওয়ার প্ররোজন হয়, আমেরিকা সরকার সেখানকার দ্বানীয় সরকারের উপর চাপ প্রয়োগ করে এবং লোভ দেখিয়ে নানা রকম ক্রাণ-সুবিধা প্রহণ করে থাকে। তাদের থাকার ব্যবহা, তিসা হাড়া বাতায়াত শুবিধা, অত্যাধুনিক অন্ত্র পৌছানো এবং স্বাধীনভাবে অন্ত্র ব্যবহার ইত্যাদির সুযোগ সৃষ্টি করা হয়।

## ক্সাক ওয়াটারের দাজালী কুসেডার

শিশেষ প্রতীক ইংরেজিতে যাকে পোগো বলা হয়, এ লোগোই একটা সংগঠন কেটওয়ার্ক এবং কোম্পানির আসল পরিচয়। কোকাকোলা কোম্পানির কথাই ক্ষেল। এই কোম্পানি তাদের লোগো বানানোর জন্য বিশ্বের বিভিন্ন পত্রিকায় ক্ষিলাপন দিয়েছিল এবং কয়েকটি ওয়েবসাইটেও এ ঘোষণা দিয়েছিল যে, যে ক্ষিলাইনার সব চেয়ে সেরা লোগো বানাবে তাকে কয়েক লক্ষ ভলার পুরকার কেরা হবে। এ ঘোষণার পর কয়েক লক্ষ কম্পিউটার ভিজাইনার তাগ্য পরীক্ষা বের। কিছু আমেরিকান এক ধূর্ত হারামি কুসেডীয় চঙ্কয়ে এই লোগো তৈরি করে। এই দুর্ভাগা কোকাকোলা লিখতে ইংলিশের একটি ফন্ট ব্যবহার করে। ক্ষিলার কোকাকোলার বোতলের লোগোটি পড়ুন। আয়নায় লোগোটি আনবিতে লেখা দেখতে পাবেন, এর । যার অর্থ মুহাম্মাদও (সা.) মিখ্যা, ক্ষিত্ত মিখ্যা। নাউযুবিস্থাহ।



কোকাকোলা কোম্পানির আন্তর্জাতিক লোগোর প্রকৃত রূপ



কোকাকোলা লোগোর উল্টানো রূপ, যাতে ক্যানিগ্রাফি আকৃতিতে লেখা রয়েছে:

The mysterious disappeanances in the Bermuda and Dragon Triangles may not be coincidental; since both areas are so similar, the same phenomenon might be Behind the lost ships and planes. অর্থাৎ বারমুড়া ও শয়তানী সমুদ্রের রহস্য অদৃশ্য হয়ে যাওয়ার ঘটনাবলি ঘটনাক্রমে বা এমনিতেই হতে পারে না । কারণ, উভয় এলাকা সাদৃশ্যপূর্ণ ঘটনার জন্য দিয়েছে । জাহাজ ও বিমান গায়েব করার ক্ষেত্রে উভয় এলাকা একই পথ বৈছে নিয়েছে । দিয় জ্লাগন ট্রাইকেল-চার্লস ক্রিটার্ম।

### একটি গোপন সংকেত

রাস্তার পাশে ফেস্টুন/সাইনবোর্ড, দোকানের সাইনবোর্ড ও জন্য জ্যাডসমূহে জাপনি আন্তর্য ও বিরল প্রকৃতির বাক্য লেখা দেখতে পাবেন, যা ওই বিজ্ঞাপনের সঙ্গে সম্পূর্ণ বেমানান। যেমন সিগারেট কোম্পানির একটি বিজ্ঞাপন, কিন্তু তাতে লেখা রয়েছে- I am present and i am moving on আমি বিদ্যমান রয়েছি এবং আমি তৎপর রয়েছি। একটু চিন্তা করুন, বিজ্ঞাপনটি সিগারেটের, কিন্তু বাক্যটিতে কিসের ইন্সিত। অপর একটি সিগারেট কোম্পানির বিজ্ঞাপনে, Was I am I will be আমি গতকালও ছিলাম, আজও আছি এবং আগামীতে থাকব। এওলো বান্তবে গোপন সংকেত বহন করছে, যা দাক্ষালের আত্মগ্রকাশের সঙ্গে সম্পূক্ত। এমনিভাবে বিভিন্ন চঙ্কে, বিভিন্ন উপায়ে, বিভিন্ন সংকেতের মাধ্যমে মানুষের কাছে বার্তা প্রেরণ করা হচ্ছে। যেমন—উদীয়মান সূর্য, লেজবিশিষ্ট তারকার ছবি, দৃষিত চোখ, লাল-নীল রং এবং ফিল্ম-গানের মাধ্যমেও এসব বার্তা প্রেরণ করা হচ্ছে। আপনি যদি চিন্তা করেন, তবে আপনার মনে হবে যে আপনি এক রহস্যময় পৃথিবীতে বাস করছেন। গোপন ইন্সিতসমূহ, গোপন বার্তাসমূহ, গোপন সংকেতসমূহ, চতুর্দিকে ভাসমান দেখা যাচেছ।

### দাজ্জালের একটি শিকর

দাজ্জালী শাসনের পথ প্রশন্তকরণে অত্যন্ত দক্ষতার সঙ্গেই দায়িত্ব আঞ্জাম দিয়ে যাচেছ এমন একটি বিষয়, যার কোনো অন্তিত্বই আজ পর্যন্ত পৃথিবীর কোথাও পাওয়া বায়নি। এমন বিষয়কে বাস্তবতার চাদর পরিয়ে তুলে ধরা এবং মর্ডান স্ত রের লোকদের অন্তরে তা গৌথে দেওয়ার ক্ষেত্রে হলিউড অধিতীয়।

ইছদিদের পরিকল্পিত পদক্ষেপগুলো বাস্তবায়নের পথে হলিউড জনসমর্থন অর্জন দিয়ে যাছে । আফসোসং নামিদামি বুদ্ধিজীবী আর জ্ঞানী সম্প্রদায়ের শোকজনও কতিপয় অদৃশ্য ব্যক্তিদের ইশারায় নেচে চলছে । তার পরও তারা নিজেদের ব্রঙ্ক মাইন্ডেড বলে মনে করে থাকে । অথচ তাদের জ্ঞান তো করেই হলিউডের বাজারে নিলাম হয়ে গেছে ।

# আন্ট্রা মর্ডান নারী, নাকি দাজ্জালী ফেতনা

দাজ্জালী শক্তি মুসলিম মহিলাদের এ ভয়ানক জালে ফাঁসানোর জন্য একটি বাণী আবিষ্ণার করেছে যে মহিলারা যদি ঘর থেকে বের না হয়, তবে সামাজিক উন্নতি সম্ভব নয়। মনোবৃত্তির পূজারি পুরুষগণ প্রত্যেক যুগেই নারীদের কলঞ্চিত করে আসছে। নারীরা যতই তাদের বাণী, কার্যক্রম ও ষড়যন্তের ফাঁদে পা রাখবে, ততই তাদের দুঃখ-দুর্দশা, কট ও অপমানের সম্মুখীন হতে হবে। এ ব্যাপারে তো কোরআন-হাদিসে এত কিছু বর্ণিত রয়েছে যে বুদ্ধিমান ব্যক্তিদের জন্য এর চেয়ে বেশি কিছুর দরকার নেই।

কিন্তু মর্ভান সংস্কৃতির জাদু যেহেতু মহামারির আকার ধারণ করেছে, সেহেতু সমাজের মা ও বোনদের জন্য (বারা পশ্চিমা বিশ্বের দার্শনিক ও বুদ্ধিজীবীদের বাণীগুলোকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করেন) দার্শনিক ও সাহিত্যিক খলিল জিবরানের নিন্মোক্ত বাক্যগুলো পেশ করা হলো-

#### Modern Woman.

Modern Civilization has made woman a little wiser, but it has increased her suffering because of man's covetousness. The woman of yesterday was a happy wife but the woman of today is a miserable mistress. In the past she walked blindly in the light, but now she walks, open-eved in the drak, she was beautiful in her ignorance virtuous in her simplicity, and strong in her weakness. Today she has become ugly in her, ingenuity, superficial and heartless in her knowlegde. [A Third Treasury of Khalil Gibran, P: 144]

মর্ডান নারী, মর্ডান সংস্কৃতি এসে নারী জাতিকে কিছুটা চালাক বানিয়েছে ঠিকই, কিন্তু পুরুষদের যৌন চাহিদার দরুন নারীদের এ সংস্কৃতিতে আরো কিছু লাঞ্চ্না যোগ হয়েছে। গতকাল নারী জাতি ছিল সুখী পরিবারের এক অহংকার। কিন্তু আজকের মর্ডান নারী জাতি ঘৃণায় ভরা এক বৈধ যৌনসঙ্গিনী। গতকালের নারীরা চোখ বন্ধ করে আলোতে চলাক্রেরা করত। কিন্তু আজকের নারীরা চোখ খুলে চলাক্রেরা করে ঠিকই, কিন্তু অন্ধকার। গতকালের নারীসমাজ অতি গোপনে নিজের সৌন্দর্য, সদাচরণ এবং সতিত্বের পবিত্রতা রক্ষার দরুন সম্মানের পাত্রীছিল। কিন্তু আজকালের নারীসমাজ শিক্ষিত হয়েও অন্ধ, বেখবর ও নিষ্ঠুর হয়ে গেছে।

বর্তমান পশ্চিমা সভ্যতা এমনই এক মূর্য সভ্যতা, যা কখনো থ্রিক সভ্যতার নামে ইবলিসের পেট থেকে জন্ম নিয়েছে, আর কখনো এবাদত ও উপাসনার কথা বলে নারী জাতিকে কলম্ভিত করেছে। কখনো রুমী সভ্যতার পোশাক পরে ক্রমের স্টেডিয়ামে মহিলাদের উলঙ্গ নাচিয়ে তাদের মাথায় গৌরবের মুকুট রেখেছে কখনো পারস্য সভ্যতার আকৃতিতে এসে বোনকে ভাইয়ের জন্য হালাল সাব্যস্ত করেছে। মূর্য এ সভ্যতারক্ষীদের অহংকার রক্ষার্থে কখনো নিরপরাধ কন্যাসন্তানদের মাটির নিচে জ্যান্ত কবর দেওয়াকে ক্যাশন ও রেওয়াজ বানিয়েছে। আর কখনো নারীজাতিকে অপবিত্র ও অলক্ষী বলে তাদের থেকে দূরে থাকাকে এবাদত আখ্যা দিয়েছে। এটা হচ্ছে ওই মূর্য সভ্যতা, যা হিন্দুত্ত ানের মহিলাদের সব বিপদ ও অনিষ্টতার মূল বলে মৃত স্বামীর সঙ্গে জীবিত জ্যালিয়ে দেওয়াকে পুণ্যের কাজ বলে স্বীকৃতি দিয়েছে।

এটা কোনো আধুনিক সভ্যতা নয়। এটা কোনো সুধীসমাজের সভ্যতা নয়; বরং এটা হচ্ছে মূর্যতা যুগের মূর্যসভ্যতা, যা প্রত্যেক যুগেই নারীদের সভ্যতার নামে কুদার্থ কুকুরদের সামনে লেলিয়ে দিয়েছে। এমন কুকুর, যে কুদার্থও হয়, বুড়াও হয়। যে বেশি নড়াচড়া না করেই পেট ভরে নিভে চায়। মূর্য সভ্যতার এ কার্যক্রমগুলো নারীজ্ঞাতির জন্য ওই কুকুরের মতো।

### দীনের দাওয়াত কিভাবে দিবে

রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম থেকে উত্তম আদর্শ আমাদের জন্য আর কেউ হতে পারে না। তাই আমাদের জন্য জরুরী হলো আমরা আমাদের দাওয়াতকে ইমামূল আদিয়া সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামের দাওয়াতের অনুযায়ী চালানো। ভাছাড়া আমাদের দাওয়াত তখনই সফল হতে পারে, যখন তা রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামের বরকতময় পদ্ধতীতে হবে। যদি আমরা এসবের পরোয়া না করি এবং আপন আপন পদ্ধতিতে দাওয়াত দিতে থাকি তাহলে স্মরণ রাখতে হবে, নিশ্চয় আমাদের কথা যতই হক ও সত্য হোক না কেনো, আমরা এখলাসের সমৃদ্রে যতই ডুবন্ত থাকি না কেনো, মানুষের সামনে তা ভূল পদ্ধতিতে পেশ করার কারণে মানুষ আমাদের সঙ্গ দেয়ার পরিবর্তে আমাদের দুশমন হয়ে যাবে।

# দাওয়াতের কিছু বুনিয়াদী নীতিমালা

# ১. শ্রোতাদের কাছে কথা পৌছানোর সুযোগ তালাশ করা

দাওয়াত দাতার জন্য আবশ্যক হলো, সে এমন সুযোগ তালাশ করবে য**ধন** লোক তার কথা শুনতে মনযোগী হবে। উপযুক্ত সময়ে বলা বিলকুল সাধারণ এবং সরল কথাও শ্রোতাদের উপর তালো প্রভাব ফেলে। পক্ষান্তরে অনুপ**যুক্ত** 

#### ব্যাক ওয়াটার 🛊 ১৮৭

জায়গা এবং অসময়ে বৃব জ্ঞানগর্ভ কথাও কোনো কাজে আসে না। এমনি ভাবে কোনো কোনো সময় অসময়ে হক কথা বলা হলে সেই দাওয়াত ফায়দা দেয়ার পরিবর্তে ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়। বুঝার জন্য উদাহরণ পেশ করা হচ্ছে।

## সায়্যিদুনা ইবরাহিম আ. এর দাওয়াত

সায়্যিদুনা ইবরাহিম আ. নিজের কওমকে তখনই দাওয়াত দিয়েছেন যখন গোটা কওম তার দিকে মনযোগী ছিলো। যখন তিনি মূর্তিগুলোকে ভেঙ্গে দেন এবং কাফের নেতারা তাঁকে সবার সামনে এনে দাঁড় করে জিজ্ঞেস করলো, হে ইবরাহিম! আমাদের উপাস্যগুলোর এই অবস্থা কি তুমি করেছো? সায়্যিদুনা ইবরাহিম আ. জবাব দিলেন,

بَلْ فَعَلَهُ كَبِيرُهُمْ هَذَا فَأَسْأَلُوهُمْ إِنْ كَانُوا يَنْطِقُونَ

'এই কাজ বড় মূর্তী করেছে। সুতরাং তোমরা তার কাছেই জিজ্ঞেস করো যদি সে বলতে পারে।' [সূরা জাদিয়া : ৬৩]

একজন দাওয়াতদাতার জন্য এমন সোনালী সুযোগ খুব কমই আসে। যখন তাঁর সকল শ্রোতা পূর্ণ মনযোগের সাথে তাঁর ঠোটের নড়াচড়াও অনুভব করতে থাকলো ঠিক সেই সময় তিনি তাঁর পূর্ণ দাওয়াত কতোই না সুন্দর ভাবে উপস্থাপন করলেন। যা দাওয়াতদাতার দূরদৃষ্টি এবং তাওফিকে ইলাহী ছাড়া সম্ভব নয়। সূতরাং হযরত খলিলুল্লাহ আলাইছি ওয়া সাল্লামের এই সংক্ষিপ্ত কথা বিরোধী কান্দেরদের উপর সেই কুঠারাঘাতের চেয়েও মারাত্মক প্রমাণিত হয়, যা দিয়ে তিনি মূর্তিগুলোকে ভেঙ্গেছিলেন। এই বাক্য কেবল সাধারণের মধ্যেই নয় বয়ং তাদের নেতাদের মধ্যেও আলোড়ন সৃষ্টি করে। তাদের অনিচ্ছা সত্ত্বেও তারা তাদের কওমের সামনে এমন কথা শ্বীকার করতে বাধ্য হয়, যা শ্বাভাবিক অবস্থায় শ্বীকার করতো না। তারা বলতে থাকে,

# لَقَدُ عَلِيْتَ مَا هَوُلاءِ يَنْطِقُونَ

'তুমি তো জানো তারা কথা বলতে পারে না। ['স্রা জাধিয়া/৬৫]

قَالَ أَفَتَعْبُدُونَ مِنْ دُونِ اللهِ مَا لا يَنْفَعُكُمْ شَيْئًا وَلا يَضُرُّكُمْ الْإِلَا لَكُمْ وَلِمَا تَعْبُدُونَ مِنْ دُونِ اللهِ أَفَلا تَعْقِدُونَ

#### র্যাক গুয়টার 💠 ১৮৮

ইবরাহিম আ. বলেন, তাহলে তোমরা কি আল্লাহকে ছাড়া এগুলোর ইবাদান্ত করো, যারা না তোমাদের কোনো উপকার করতে পারে, না কোনো ক্ষতি। আফসোস তোমাদের উপর এবং আল্লাহকে ছেড়ে তোমরা যাদের উপাসনা করো তাদের উপর! তোমরা কি বুঝো না?' [স্বা আফিয়া: ৬৬-৬৭]

### कांग्रमाः

এই ঘটনা থেকে এ বুঝে আসে যায় যে, দাওয়াত দাতা এমন সুযোগের তালাশে থাকবে যখন লোক তার কথা শোনার আগ্রহে থাকবে। অন্যথায় যদি সে এমন সুযোগ নষ্ট করে তাহলে কবির ভাষায়,

> زمانہ بڑے خورے س رہا تھا چمیں سومیے واستان کہتے کہتے

যামানা বড়ই মনযোগ দিয়ে গুনছিলো কিন্তু দান্তান বলতে বলতে আমরাই ঘুমিয়ে পড়েছি।

## হ্যরত মৃসা আ. এর দাওয়াত

হযরত মৃসা জালাইহি ওয়া সাল্লাম ফেরাউনের দরবারে যখন মুক্তেষা দেখালেন তখন ফেরাউন বলন, এটি তো যাদু, সূতরাং আমিও তোমার মুকাবেলায় আমার যাদুকরদের নিয়ে আসবো। কোনো সময় নির্ধারণ করে নাও। সায়্য়িদুনা মূসা আ. বললেন,

قَالَ مَوْعِدُ كُمْ يَوْمُ الزِّينَةِ وَأَنْ يُحْشَرَ النَّاسُ ضُعَّى.

'তোমার ওয়াদার দিন হলো ঈদের দিন এবং সূর্য যখন প্রখর হবে ও লোক সমাগম হবে ।' /স্রা ত্বা : ৫৯/

#### कांग्रनाः

সায়িদুনা মূসা আলাইহিস সালাম সময়মতো একটি কথাকে প্রাধান্য দিলেন, আর তা হলো, লোক সমাগম যখন বেশি থেকে বেশি হবে। আর তাই তিনি ঈদের দিনকে বেছে নিলেন। কারণ, ঈদের দিন তাদের মিলনমেলা হয় এবং সেই দিনেও এমন সময় নির্বাচন করলেন যখন সবচেয়ে বেশি লোক মেলায় আসে। যাতে সবার সামনে সত্য সত্য হিসেবে এবং মিখ্যা মিখ্যা হিসেবে

প্রমাণিত হয়ে যায়। ক্ষমতাসীনরা সবসময় এই প্রচেষ্টায় লিপ্ত থাকে যে, হকের দাওয়াত যেনো সাধারণ মানুষের কাছে না পৌছাতে পারে। তাই দাওয়াত দাতার এই কথা চিপ্তায় রাখা উচিত যে, সে কিভাবে তার কথা সাধারণ মানুষের কাছে পৌছাবে। আজও দাওয়াতের ময়দানে ব্যস্ত মুজাহিদীনের উচিত এমন সময়ের তালাশে থাকা, যখন সে তার দাওয়াতকে বেশি থেকে বেশি মানুষের কাছে পৌছাতে পারে।

এর আরো একটি উপমা হযরত ইউসুফ আলাইহিস সালামের ঘটনা। তিনি জেলে মওজুদ কয়েদীদেরকে সেই সময় দাওয়াত দেন যখন কয়েদীরা তাঁর কাছে নিজেদের স্বপ্লের ব্যাখ্যা জানতে এসেছিলো।

# ২. শ্রোতাদের মন মেজায এবং ব্যক্তিত্ব বুঝা

যে কোনো আন্দেলনের দাওয়াত দাতা যদি শ্রোতাদের মন মেজায এবং ব্যক্তিত্ব না বুঝে তাদেরকে উদ্দেশ্য করে কথা বগতে থাকে তাহলে আগামী দিনগুলোতে দাওয়াতের মধ্যে এমনসব ভুল সামনে আসবে, যারফলে শ্রোতারা তাদের সঙ্গ দেয়ার পরিবর্তে তাদের বিরোধী হয়ে যাবে। অন্তত তাদের দাওয়াতের প্রতি শ্রুক্তেপ করবে না। উদাহরণত আপনি আরব বিশ্ব এবং পাক-ভারত উপমহাদেশকেই ধরুন, এর মধ্যে প্রত্যেক ভূখন্ডের বাসিন্দাদের মন মেজায অন্য ভূখন্ডের বাসিন্দাদের থেকে ব্যতিক্রম। যদি আপনি সবসময় একই পদ্ধতিতে সকল ভূখন্ডের মুসলমানদেরকে নিজের কথা শোনাতে চান তাহলে তারা আপনার দাওয়াতের প্রতি মনযোগী হবে না। এমনি ভাবে শ্রোগান এবং নীতিমালা নির্ধারণের ক্ষেত্রে যদি কেবল আপনার দেশের একটি এলাকার চাহিদাকে সামনে রাখেন এবং সেই দাওয়াত ও শ্রোগানকে সারা দেশের মুসলমানদের সামনে রোখন এবং সেই দাওয়াত ও শ্রোগানকে সারা দেশের অনুযায়ী আপনি শ্রোগান নির্ধারন করেছেন সেখানকার লোক তো অবশ্যই আপনার দাওয়াতের প্রতি মনযোগী হবে, কিন্তু অন্যান্য এলাকার মুসলমানরা এদিকে কান দিবে না।

এমনি ভাবে একটি বাক্য কোনো একটি এলাকার লোকদের জন্য খুবই অর্থবহ এবং আলোড়ন সৃষ্টিকারী হতে পারে। কিন্তু সেই বাক্যটি অন্য এলাকার

<sup>&</sup>lt;sup>3</sup>. তবে শ্রোগান এবং নীতিমাশ্য নির্ধারনের সময় এ কথার প্রতি লক্ষ্য রাখতে হবে যেনো এই শ্রোগান এবং নীতিমালা শরীয়তের গভি, শরীয়তেরই দুনিয়াবী এবং গরকালীন ফ্যীলত ও বরকতকে শামিণ করে। এমন যেনো না হয় যে, গণতদ্রের লোকদের মতো কেবল দুনিয়াবী কায়দা ও চাহিদাকে স্যামনে রেখে নিজেদের শ্রোগান ও প্রতিক্রতি নির্ধারন করলো।

লোকদের জন্য একদমই জর্থহীন হতে পারে। যা জনে তাদের কানের পুকাও নড়বে না। আবার কখনো একটি বাক্য কোনো এলাকাবাসীর জন্য মন্দ এবং লক্জাহীনতার কারণ হয় না, কিন্তু অন্য এলাকাবাসীর কাছে তা সীমাহীন মন্দ, লক্জা ও ভদ্রতা পরিপত্তী মনে হয়।

এ জন্যই আল্লাহ তা'আলা পবিত্র কুরআনে কারীমে এই দাওয়াতী নীডিমালা বর্ণনা করতে গিয়ে সুস্পষ্ট ঘোষণা করেন,

# وَمَا أَرْسَلْنَا مِنْ رَسُولٍ إِلا يِلسَانِ قَوْمِهِ لِيُبَيِّنَ

'আর আমরা প্রত্যেক রাস্লকেই তার কওমের ভাষা দিয়ে প্রেরণ করেছি, যাতে নিজের কওমকে স্পষ্ট ভাষায় বর্ণনা করতে পারে।' (স্রা ইবরাষ্ট্য : ৪)

সুম্পষ্ট বর্ণনা করার দারা উদ্দেশ্য হলো, দাওয়াতদাতা তার বর্ণনাকে এতো স্কর তাবে নিজের দাওয়াতের মাধ্যমে বুঝাবে যে, তার শ্রোতারা সহজেই তার পূর্ণ কথা বুঝতে পারে। সুকর পদ্ধতি সেটাই হবে যা শ্রোতাদের মন মর্জি এবং ব্যক্তিত্বের অনুকূলে হবে। স্পষ্ট করে বর্ণনা করার ফায়দা হলো, লোকেরা আপনার আন্দোলন সম্পর্কে অবগত হয়ে যাবে এবং তারা এর টার্গেট ও মূল উদ্দেশ্য জানতে পারবে। কিছু যদি আপনি আপনার শ্রোগানকে স্পষ্ট করে না বুঝান তাহলে আপনার প্রতি মানুষের মনযোগী হওয়া কঠিন সাধ্য প্রমাণিত হবে।

রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লামের দাওয়াত সর্বদা শ্রোতার মন মর্জি অনুযায়ী, সংক্ষিপ্ত এবং হৃদয়গ্রাহী পদ্ধতিতে হতো। হদ্ধের মওসুমে যখন রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম বিভিন্ন কবীলার পাশে গিয়ে দাওয়াত দিতেন তখন সেখানেও এই কথার প্রতি খেয়াল রাখতেন, যেনো তাঁর দাওয়াত শ্রোতার ব্যক্তিত্ব অনুযায়ী হয়। তিনি মদীনা থেকে আগত লোকদেরকে যখন দাওয়াত দেন তখন তারা জানতে চাইলো আপনি কিসের দিকে আমাদেরকে দাওয়াত দেন? রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন, আমি দাওয়াত দেই কোনো শক্তিমান যেনো দূর্বলের উপর জুলুম না করে, এতীম ও মিসকীনের প্রতি যেনো লক্ষ্য রাখা হয়, মেহমানদের যেনো মেহমানদারী করা হয় এবং মুসাফিরদেরকে যেনো খানা খাওয়ানো হয়।

মদীনাবাসী এবং আরবের অন্যান্যদের মধ্যেও এই কথাগুলোকে সভ্যতা এবং সম্মানের কথা মনে করা হয়। তাদের সামনে শুরু থেকেই ইসালামের সেই রুশ্ প্রকাশ করা হয় যা তাদের নিকটও ভালো হিসেবে স্বীকৃত ছিলো। এমনকি কুরাইশের সরদারদেরকে দাওয়াত দেয়ার সময়ও এই মূলনীতিকে ভূলে যাননি। রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম এর দাওয়াত যখন দিন দিন বাড়তে থাকে, কুফ্ফারদের জুলুম, নির্যাতন এবং শত অত্যাচারেও সাহাবারে কেরাম রা. ইসলামের উপর অটল থাকেন তখন কুরাইশের নেতৃস্থানীয়রা তাঁর চাচা আবু তালেবের নিকট আসে এবং তাঁর বিরুদ্ধে শেকায়াত করে। তারা বলে, তোমার ভাতিজা আমাদের দীনের দোষ খোজে বেড়ায়। আমাদের উপাস্যদের মন্দাচারি করে। আমাদেরকে অভ্ত এবং নির্বোধ বলে। সৃতরাং হয়তো আপনি তাকে বুঝান, নয়তো তাঁর এবং আমাদের মাঝখান থেকে আপনি সরে ধান। আবু তালেব রাসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়া সাল্লামকে ডেকে পাঠালেন। তিনি আসলে আবু তালেব বললেন, ভাতিজা! তোমার কণ্ডম তোমার বিরুদ্ধে শেকারাত করছে। এসব কিছু বলছে। তখন তিনি বললেন, চাচা জান! আমি তো তাদেরকে কেবল এমন একটি কালেমা মেনে নিতে বলছি, যদি তারা একবার তা মেনে নেয় তাহলে তারা আরব ও আজমের সরদারী পেরে যাবে। এ কথা ভনতেই সকল সরদার বলে উঠলো, কী সেই কালেমা? আমাদেরকে বলো। এমন কালেমা তো আমরা দশবার বলতে প্রস্তুত আছি। যা বললে আমরা আরব ও আজমের সরদারী পেয়ে যাবো । [সীরাতে ইবনে হিসাম ১/৪১৮]

### ফায়দা:

আপনি চিন্তা করুন, রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম কুরাইশের মন মর্জি খেয়াল করে এমন কথা বলেছেন যা তাৎক্ষনাত সেসব সরদারকে নিজের দিকে মনযোগী করে ফেলে। যেহেতু রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামের দাওয়াতের মাধ্যমে কুরাইশ সরদারদের মূল তয় এটাই ছিলো যে, তাদের নেতৃত্ব এবং ক্ষমতা সন্ধায় পড়বে, তাই তিনি তাদের সেই তয়ের জবাব দিলেন যে, তোমরা কেবল আরবের সরদারির চিন্তা করছো, আমি তোমাদেরকে এমন কালেমার দিকে আহ্বান করছি যা মেনে তোমরা তথু আরবের নও বরং আজমেরও সরদার এবং শাসক হয়ে যাবে।

রাসূল সাল্লাল্লান্ত জালাইহি ওয়া সাল্লাম বাহরাইনের বাদশাহকে ইসলামের দাওয়াত দেন। সেখানেও তিনি এই বর্ণনা দেন যে, এই কালেমা পড়ে নাও তোমার গোটা এলাকা ভোমারই থাকবে। বৈদিও এই কালেমা পড়ার আসল ফায়দা আখেরাতে কিন্তু মানুষের সভাব হলো সে দুনিয়াতে চিন্তা করবে এই

<sup>&</sup>lt;sup>3</sup>, উত্তু<del>নুৰ আহার কি কুনুনিল মাগাজি ওয়াস শামায়েৰ ওয়াস সিয়ার ২/৩৩৩ ।</del>

নতুন দাওয়াত যা আমাদের সামনে পেশ করা হচ্ছে তাতে আমাদের জন্য কী রয়েছে?

কেউ তার দীন মানুক অথবা না মানুক তাতে তাঁর কোনো পরোয়া নেই। তা সর্বেও স্বয়ং আলাহ তা'আলা কুরআনে কারীমে ইসলামের দাওয়াত দিওে পিরে যেখানে জারাতের সুসংবাদ দিয়েছেন সেখানে দুনিয়াতেও উত্তম এবং নিরাপব্রাময় শান্তির যিন্দেগীর ওয়াদা করেছেন। আরব সমাজব্যবস্থার জন্য এই উভয় কথা খুবই গুরুত্বপূর্ণ ছিলো। প্রথমে দুর্ভিক্ষ থেকে মুক্তি এবং দিতীয়ত জুলুম এবং নির্যাতন থেকে বের হয়ে নিরাপন্তার যিন্দেগী। আর তাই আলাহ তা'আলা এরশাদ করেন,

ভিন্ত ক্রি নির্মাণ ভাদের উচিত, ভার। সেই ঘরের প্রভুর ইবাদাত করবে যিনি ভাদেরক ক্ষুধার্ত অবস্থায় খাবার দেন এবং ভয় থেকে নিরাপত্তা দান করেন। 'সিয়া কুরাইশ: ৩-৪।

আল্লাহ তা'আলা অন্যত্তে এরশাদ করেন,

وَضَرَبَ اللهُ مَثَلًا قَرْيَهُ كَأَنَهُ اللهُ إِيَاسَ الْجُرِعُ وَالْخُرْفِ بِمَا كَانُوا بِمُسْتُعُونَ.

এই আয়াতে আল্লাহ তা'আলা এমন এক এলাকার কথা বর্ণনা করেছেন যা পূর্ণ নিরাপত্তা ও শান্তিময় ছিলো। সেখানে সুখী জীবনব্যবস্থা এবং সব রকমের জীবনোপকরণ সহজলভ্য ছিলো। কিন্তু তারপরও সেখানকার লোকেরা আল্লাহ তা'আলার বিধি বিধানের বিরোধীতা করে আল্লাহ তা'আলার নেয়ামতসমূহকে অস্বীকার করলো। যারফলে আল্লাহ তা'আলা সেই এলাকাবাসী থেকে নেয়ামতরাজী ছিনিয়ে নিলেন এবং তাদের জীবনোপকরণ ধবংস করে তাদের উপর দুর্ভিক্ষ চাপিয়ে দিলেন। শান্তি ও নিরাপত্তার নেয়ামত ছিনিয়ে নিয়ে ভীতি এবং সক্ষায় ফেলে দিলেন। স্ব্রা নাছল : ৭৬।

মানুষের মন মর্জির মধ্যে এটাও অন্তর্ভূক্ত যে, তারা ততক্ষন পর্যন্ত কোনো জিনিসের গুরুত্ব বুঝতে পারে না অথবা সেদিকে পূর্ণ মনযোগী হয় না যতক্ষন পর্যন্ত তার সামনে সেটার গায়েব এবং দৃশ্যমান হওয়ার উপমা তুলে ধরা বা হয়। এই বাস্তবতাটিকেও সামনে রাখতে হবে। আর তাই অমুখাপেকি আল্লাই তা আলাও মানুষের এই মর্জির প্রতি লক্ষ্য রেখে জান্নাতের দিকে দাওয়াত দিয়েছেন। তিনি জান্নাতের উপমা এমন ভাবে তুলে ধরেছেন যে, শ্রবণকারী তা নিজের চোখের সামনে অনুভব করতে থাকে। তাই আমরা কুরআনে কারীম তেলাওয়াতের সময় যখন সেই আয়াত পর্যন্ত পৌছি যেখানে জান্নাতের বাগানসমূহ, ঝর্ণাসমূহের আলোচনা, সর্বোত্তম লেবাস পোশাক, হাতে শরবতের গ্রাস নিয়ে উন্নত গালিচায় টেক লাগানো জান্নাতী লোক, তাদের চারপাশে বিক্ষিপ্ত সফেদ মোতি, মুক্তা ও ইয়াকুত পাথর সাদৃশ হুর গিলমানের দৃশ্য সামনে আসে তখন দীল আনমনে রবের জান্নাতের আকাঞ্জী হয়ে উঠে।

এমনি ভাবে যেখানে আল্লাহ তা'আলা জাহান্লামের ভয় দেখিয়েছেন সেখানে এই ব্যাপারে বিস্তারিত চিত্র ভূলে ধরেছেন। যাতে মানুষের অন্তরে জান্লাতের নেয়ামত লাভের স্পৃহা জাগে এবং জাহান্লামের ভয় তার তনুমনে গেঁথে যায়।

আমরা এটাও দেখি যে, যখন রাসৃল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাজ্জালের আলোচনা করেছেন তখন নাওয়াস বিন সাম'আন রা. বলেন, রাসৃল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বর্ণনার ধরন এমন ছিলো যে, আমরা মনে করছিলাম খেজুর বাগান থেকে এখনই দাজ্জাল বের হয়ে আসবে।

রাসূল সাল্লালাহ আলাইহি ওয়া সাল্লামের পর তাঁর খলীফাগন রা.ও মানুষের এই মর্জির প্রতি খেয়াল রেখেছেন। হযরত আনাস বিন মালেক রা. বলেন, যখন হযরত আবু বকর সিদ্দিক রা. আমাদের সামনে মানুষের জন্মের বর্ণনা দিতেন তখন এমন ভাবে বর্ণনা করতেন যে, তার প্রতি আমাদের ঘৃণা আসতে ওরু হতো। তিনি বলতেন মানুষ ২বার পেশাবের রাস্তা দিয়ে বের হয়েছে।

স্তরাং খেলাফতের দাওয়াত দাতাদের মানুষের মর্জির প্রতি খেয়াল রাখতে হবে। আজ আপনি যে নতুন দাওয়াত দিচ্ছেন তাকে এমন ভাবে খুলে খুলে বর্ণনা করুন যেনো লোক এ ব্যাপারে স্পষ্ট ভাবে অবগত হয়ে যায়। খেলাফত কায়েম হলে সাধারণ মুসলমানের আখেরাতের আগে দুনিয়াতে কী ফায়দা হবে? এতে ব্যবসায়ীদের জন্য কী আয়োজন রয়েছে? কৃষকরা কেনো আপনার সঙ্গদিবে? একজন দরিদ্র পীড়িত মজদুর মুসলমান কিভাবে আপনার আন্দোলনের অংশ হতে পারে? আপনার দাওয়াত হকের দাওয়াত, কেবল এ জন্যই মানুষ আপনার সঙ্গ দিবে? কক্ষনো নয়। যদি মানব জাতির জন্য এতোটুকুই যথেষ্ট হতো তাহলে আল্লাহ তা'আলা এই দাওয়াতকে শব্দ এবং বাক্য পরিবর্তণ করে

<sup>ै.</sup> সহীং মুসলিম, কিতাবুল ফিতান গুৱা আশ্রাভূস সা'আহ, বাবু যিকরিদ দাজ্জাল গুৱা সিঞ্চাভূহ গুৱা মা মা'আহ ।

বিভিন্ন স্থানে বিভিন্ন ভাবে বর্ণনা করতেন না। ওধু এতোটুকুই ঘোষণা করে দিতেন যে, এটি হকের দাওয়াত, যে মানবে জান্নাত পাবে আর যে মানবে না তার জন্য রয়েছে জাহানাম।

হওয়া উচিত ছিলো এমন যে, আমাদের দাওয়াত কেবল মুসলমান নয় বরং সাধারণ কাফেররাও এই বলে মনযোগী হবে এবং হচকিত হয়ে উঠবে যে, এই লোকেরা যে কথার শ্রোগান দিচেছ, জুলুম নয় ইনসাফ, ভয় নয় নিরাপত্তা, ক্ষমতাধরদের অধীনে নির্যাতিত নয় মানবাধিকার, পুজিবাদদের হাত থেকে মুক্তি, নারীরা বাজারের খেলনা নয় ঘরের শাহজাদী, এসব তো আমারও দরকার।

# ৩. সকল প্রশ্নের উত্তর দেয়া বিপদজনক

যে কোনো আন্দোলন যখন তার দাওয়াত তক্ত করে তখন তার কর্মীদের মধ্যে আগ্রহ এবং উত্তেজনা থাকা স্বাভাবিক। যারকলে দাওয়াত দাতা এবং কর্মী সত্য বলতে গিয়ে কারো ভবর্সনা করতে পরোয়া করে না। কিন্তু আন্দোলনের দায়িত্বীলদের জন্য প্রয়োজন এই কল্যাণের কদর করে নিজেদের দাওয়াত দাতা এবং কর্মীদের এই কথা বুঝানো যে, হক কথাকে সব জায়গায় এবং সব সময় বর্ণনা করা যায় না। বরং কিছু সময় এমন আছে যেখানে চুপ থাকাই আন্দোলনের জন্য কল্যাণকর প্রমাণিত হয়। আপনার দাওয়াতের বিরোধীরা আপনাকে এমনসব প্রশ্নের মুখোমুখি করতে পারে যেক্তেরে মুখ খোলা এবং দ্বেখার জবাব দেয়া আপনার আন্দোলনের জন্য অপ্রণীয় ক্ষতির কারণ হতে পারে। কুরআন ও সুরাত আমাদেরকে এই শিক্ষা-ই দিচেছ যে এমন সময় জবাব দেয়ার চেয়ে কৌশলে পাশ কেটে যাওয়া উচিত।

ইবনে আবি শারবা রহ. বর্ণনা করেন, উতবা বিন রবিআহ রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামকে জিজেস করলো, 'তুমি উত্তম নাকি আবুল মুত্তালিব? যদি তুমি মনে কর যে সে তোমার থেকে উত্তম তাহলে সে তো এসব মূর্তীর পূজা করতো তুমি বেগুলোর মন্দাচারি করছো। আর যদি তোমার মনে হয় তুমি তার থেকে ভালো ভাহলে তুমি বলো আমরা গুনছি।'

হাদিস শরীফে বর্ণিত হয়েছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তখন চুপ থাকলেন। <sup>২</sup> এটি একটি বিপদজনক প্রশ্ন ছিলো যা আর্বের এক বিশ্ব ভ্রমনকারী

<sup>&</sup>lt;sup>২</sup>. মুসারাফে ইবলে জারি শারবা, বাবুন ফি জাষা কুরাইশিন লিন নাবিরিয় সাল্যাল্যাহ জালাইহি **ওরা** সাল্রাম ।

এবং অভিজ্ঞ বৃদ্ধ বুঝে শুনে করেছিলো। এ সময়টা যে কোনো দাওয়াত দাতার জন্য বিশেষত দাওয়াতের প্রাথমিক অবস্থায় খুবই বিপদজনক হয়। সামান্যতম তাড়াহুড়া, উত্তেজনা এবং শরীয়তের চাহিদা সম্পর্কে অজ্ঞতা তার দাওয়াতের হুরুতেই মুখ থুবড়ে পড়ার কারণ হতে পারে। আপনি চিন্তা করুন রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম যদি এই প্রশ্নের স্পষ্ট জ্বাব দিয়ে দিতেন এবং বলতেন আমি আব্দুল মুন্তালিব থেকে উত্তম, তাহলে প্রাথমিক অবস্থায়ই রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামের খান্দানের সেসব লোক বিরোধী হয়ে যেতো যারা সেসময় তাঁর পৃষ্ঠপোষকতা করছিলেন এবং যাদের কারণে কাম্ফেররা অনিছো সত্ত্বেও তাঁকে বরদাশত করছিলো। আব্দুল মুন্তালিব কুরাইশের একজন বিখ্যাত ব্যক্তিত্ব ছিলেন। সূতরাং যদি একজন নওজোয়ান এমন ব্যক্তিত্বকে ভূল বলে দিতো যার বড়ত্বের ব্যাপারে সকলে একমন্ড, তাহলে রাস্ল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম সেই পৃষ্ঠপোষকতা টুকুও পেতেন না যা সেসময় নিজের খান্দানের লোকদের থেকে পাছিলেন। কিন্তু তিনি আল্লাহর রাসূল ছিলেন। সূতরাং তিনি এই কথার কোনো জ্বাব দিলেন না এবং চুপ থাকলেন। তারপর উত্বা অন্য কথা ওক করলো।

এমনই প্রশ্ন সায়্যিদুনা হযরত মূসা আলাইহিস সালামকে ফেরাউন করেছিলো। যখন সায়্যিদুনা মূসা আলাইহিস সালাম ফেরাউনের দরবারে দাঁড়িয়ে তাকে এবং তার প্রশাসকবৃন্দকে দাওয়াত দিলেন তখন ফেরাউন জিজ্ঞেস করলো,

# قَالَ فَمَا بَالُ الْقُرُونِ الْأُولَى

মৃসা! তুমি যে দাওয়াত দিচেছা, আমাদের রব আল্লাহ, যারা তাকে ছাড়া অন্য কারো ইবাদাত করছে তারা পথভ্রষ্ট এবং জাহান্নামী, তাহলে আগে চলে যাওয়া লোক, যারা আমাদের দীনের উপর ছিলো তাদের কী হয়েছে? তারা কি জাহান্নামে গিয়েছে? |স্রা তুহা: ৫১|

সায়্যিদুনা মূসা আ, জবাব দিলেন,

# قَالَ عِلْمُهَا عِنْدُرَنِي فِي كِتَابِ لا يَضِلُ رَبِي وَلا يَسْتَى

'এ কথার জ্ঞান আমার রবের নিকট কিতাবে সংরক্ষিত আছে। আমার রব কারো ফায়সালার ক্ষেত্রে ভূল করেন না এবং ভূলেও যান না।' সিরা ভ্যা: ৫২ অথচ সায়্যিদুনা মৃসা আলাইহিস সালাম এর মডো সাহসী নবীর জন্য তার স্ম্পট জবাব দেয়া কোনো মৃশকিল ব্যাপার ছিলো না। কিন্তু থেহেতু স্পষ্ট জবাবের কারণে দাওয়াতের ক্ষতি হবে এবং লোকজন প্রথম পর্বেই তাঁর দাওয়াতের ব্যাপারে বিরক্ত হয়ে যাবে তাই অস্পট্ট জবাব দিয়েছেন। তারপর তিনি অন্য ভাবে দাওয়াত দিতে ওক করেছেন যে, আমার রব সেই সম্ভা যিনি তোমাদের জন্য যমীনকে বিছানা বানিয়েছেন।

যেহেতু তাঁর দাওয়াত প্রাথমিক পর্যায়ে ছিলো এবং দাওয়াত পরিপূর্ণ স্পষ্ট বর্ণনা করা হয়নি, লোকজন এখনও তাঁর দাওয়াত পরিপূর্ণ গ্রহন করে নেয়নি বরং ভালো করে তনেওনি, তাই যদি তিনি এই অবস্থাতেই তাদের পূর্ব পুরুষকে মুরতাদ এবং কাফের বলে দেন তাহলে এই বাক্য তথু হাওয়ায় ভাসমান থাকতো না বরং সীমাহীন ভারী এবং অসহনীয় হতো।

তবে যখন দাওয়াত ব্যাপক হয়ে যাবে এবং লোকজন দাওয়াতকে কব্ল করে
নিবে তখন তাকে তার পূর্ব পুরুষের স্কুম তনিয়ে দেয়ার কোনো প্রয়োজনীয়তা
থাকবে না। বরং তখন তাদের অন্তরে কুফরের প্রতি ঘৃণা এই পরিমাণে বসে
যাবে যে, তারা কোনো অবস্থায় এই কুফরকে বরদাশত করতে প্রস্তুত থাকবে
না। চাই সেটা তাদের বাপ দাদার মধ্যেই পাওয়া যাক না কেনো।

সূতরাং দাওয়াত দাতার শিক্ষা এমন হওয়া উচিত যে, তার জানা থাকবে কখন যবান খুলতে হবে এবং কখন বিলকুল বন্ধ রাখতে হবে। কোন কথার জবাব দিতে হবে এবং কোন কথার চুপ থাকতে হবে। বিরোধী শক্তি কিভাবে ফাসানোর চেষ্টা করে এবং সেখান থেকে নিরাপদে বের হওয়ার কৌশল কী হতে পারে। আমাদের বুযুর্গানে দীন প্রত্যেক যুগে দাওয়াতে এসব সুক্ষ বিষয়ের প্রতি লক্ষ্য রেখেছেন। যেমন, সাহাবায়ে কেরামের ব্যাপারে কেউ যদি ইমাম আহমদ রহকে প্রশ্ন করতো তাহলে তিনি বলতেন, 'তারা একটি দল ছিলেন, যারা চলে গেছেন, তাদের আমল তাদের জন্য এবং তোমাদের আমল তোমাদের জন্য।'

এমনি ভাবে ইমাম মালেক রহ. এর নিকট কেউ আল্লাহ ভা'আলার গুণাবলী সম্পর্কে জতিরিক্ত প্রশ্ন করলে বলতেন, এর উপর ঈমান রাখা ওয়াজিব এবং এ ব্যাপারে অধিক প্রশ্নকারী বেদাতী।

এই আলোচনাগুলো এ কথাই প্রমাণ করে যে, দাওয়াত দাতাকে সেসব বিষয়ের প্রতি অবশ্যই লক্ষ্য রাখতে হবে যে বিষয়গুলো তার দাওয়াতের জন্য ক্ষতির

<sup>े,</sup> আল বেদায়া ওদান নেহারা ৮/১৩৯।

<sup>&</sup>lt;sup>ব</sup>. শরহ উসূলি এভেকাদি আহনুস সুদ্লাতে গুরা**ন জামাগা**তে নিন আলাকাই ।

কারণ হতে পারে। যে কথার এবং যে নীতিমালার দাওয়াত দেয়া হয় সেসবের মধ্যে কোনো প্রকার দূর্বলতা দেখানো যাবে না। তবে সময়োপযোগী শব্দ এবং বর্ণনার ধরন নির্বাচন করতে হবে। সূতরাং ফেরাউনের মতো জালেমকে দাওয়াত দেয়ার জন্য যখন আল্লাহ তা'আলা মূসা আলাইহি ওয়া সাল্লামকে পাঠালেন তখন বললেন,

# فَقُولالَهُ قَوْلًا لَيِنَّا لَعَلَّهُ يَتَذَا كُرُ أَوْ يَخْشَى

'তোমরা উভয়ে তার সাথে নরম ভাষায় কথা বলবে, যাতে সে উপদেশ গ্রহন করে অথবা ভীত হয়।' [স্রা ত্বতা : ৪৪]

ব্যাখ্যা: যদিও কোনো কোনো নবী রাস্ল কাঞ্চেরদের প্রশ্নের স্পষ্ট জবাব দিয়েছেন যেমন, ইবরাহীম আলাইহিস সালাম বলেছেন,

# قَالَ لَقَدُ كُنْتُمْ أَنْتُمْ وَآبُاؤُكُمْ فِي صَلالٍ مُبِينٍ

'নিঃসন্দেহে তোমরা এবং তোমাদের পূর্বপুরুষ সুস্পষ্ট শুমরাহীতে রয়েছো।' *। স্রা আদিয়া : ৫৪।* 

কিন্তু এসব জবাবও সময় মতো দেয়া হয়েছে। যখন এই পদ্ধতি অবলখন করা এবং স্পষ্ট জবাব দেয়াই অবস্থার দাবি ছিলো।

### ৪. সময় মতো কথা বলা

যখন মক্কার কাফেররা মুসলমানদের উপর জুলুম নির্যাতন শুরু করে তখন রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামের হুকুমে সাহাবায়ে কেরাম রা. এর একটি দল হিজরত করে হাবশায় চলে যান । হাবশার বাদশা একজন ন্যায় পরায়ণ ঈসায়ী ছিলেন । যাকে নাজ্জাশী বলা হতো । যখন মক্কার কাফেররা এ কথা জানতে পারলো তখন তারা তাদের একটি প্রতিনিধি দলকে নাজ্জাশীর দরবায়ে পাঠায় যেনো তারা নাজ্জাশীর সাথে কথা বলে তাদের এই বিদ্রোহী দলকে দেশ থেকে বের করতে বাধ্য করে । সূতরাং সেই প্রতিনিধি দল হাবশা পৌছে নাজ্জাশীকে বললো, আমাদের কিছু বিদ্রোহী, যারা একটি নতুন ধর্ম আবিস্কার করেছে এবং ভাইকে ভাইয়ের সাথে লড়াইয়ে লিও করছে তারা আপনাদের রাজ্যে আশ্রয় নিয়েছে, আপনি তাদেরকে আমাদের হাওয়ালা করে দিন অথবা তাদেরকে এখান থেকে বের করে দিন ।

এ কথা তনে নাজ্জাশী মুসলমানদেরকে দরবারে ডাকলেন। মুসলমানরা যখন এ ব্যাপারে জানতে পারলো তখন সবাই খুব পেরেশান হলো যে, আমাদেরকে যদি মঞ্জার কাফেরদের নিকট হস্তান্তর করা হয় তাহলে তো আমাদের উপর আপের চেয়েও বেশি জুলুম নির্যাতন নেমে আসবে। হযরত জাফর বিন আবি তালেব রা, মুহাজিরদের মধ্যে ছিলেন। তিনি বললেন, পেরেশান হয়ো না। আমি যেভাবে বলি সেভাবে কাজ করো। তিনি বললেন, যখন নাজ্জাশী কোনো প্রশ্ন করবে তখন কোনো মুসলমান কথা বলবে না, কেবল আমি কথা বলবো।

মুসলমানরা নাজ্জাশীর দরবারে পৌছলে নাজ্জাশী বললো, এই প্রতিনিধি দল কুরাইশের সরদারদের পক্ষ থেকে এসেছে এবং তোমাদের ব্যাপারে এসব কিছু বলছে। হ্যরত জাঞ্চর বিন জাবি তালেব রা. দাঁড়ালেন এবং আল্লাহর প্রশংসা করে বললেন,

বাদশাহ! আমরা জাহেল এবং গোঁয়াড় ছিলাম। আমরা আত্মীয় বজনের কোনো খোজ খবর রাখতাম না। শিরক ও মূর্তী পূজা করতাম। গুমরাইাতে নিমজ্জ ছিলাম। অতঃপর আল্লাহ তা আলা আমাদের উপর দয়া করেন। আমাদের হেদায়াতের জন্য আমাদের থেকেই এমন একজনকে রাসৃল বানিয়ে পাঠান, বার চরিত্র, বংশ এবং শরীফ খান্দানের সাক্ষি গোঁটা আরব দিচ্ছে। এই যুবক কখনো মিথ্যা বলেনি। সে এসে আমাদেরকে জানালো আল্লাহ কে এবং দীন কী জিনিস।

ভাষণের পর নাজ্জাশী জিল্জেস করলো, যে কুরআন ভোমাদের নবীকে দিয়ে পাঠানো হয়েছে তা থেকে আমাদেরকেও কিছু শোনাও। হযরত জাফর রা. তখন যে আয়াত তেলাওয়াত করেন তা মজলিসে উপস্থিত সকলের মর্জি মাফিক এবং তাদের উপর প্রভাব বিস্তারকারী ছিলো। যেহেতু নাজ্জাশী ঈসায়ী ছিলো তাই হযরত জাফর রা. স্রায়ে মারইয়ামের প্রথম দিকের আয়াত তেলাওয়াত করেন। যা শুনে নাজ্জাশীর চোখ বেয়ে অপ্রশ্ন উপকাতে থাকে। তিনি মুসলমানদেরকে কাফেরদের হাওয়ালা করতে অখীকার করলেন।

মঞ্জার কাক্ষেররা যখন এ অবস্থা দেখলো, তখন তারা চালাকী করে অন্য পশ্থায় নাজ্জাশীর কান ভারী করতে থাকে এবং বলে মুসলমান তো নিজেদেরকে ছাড়া সবাইকে ভূল বলে। আপনি তাদের কাছে আপনাদের ব্যাপারে জিজ্জেস কর্মন । দ্বিতীয় দিন আবার নাজ্জাশী তাদেরকে দরবারে ডাকলেন এবং জিজ্জেস করলেন, তোমরা হ্যরত ঈসা মাসীহ আলাইহিস সালামের ব্যাপারে কী বলো?

মুসলমানদের জন্য এই বিষয়টি খুবই কঠিন ছিলো। না সভ্যকে গোপন করা যাবে, না ভাকে এমন জবাব দেয়া যাবে যারফলে মুসলমানদের জন্য এই ভূবৰ্জে থাকা মুশকিল হবে। সুতরাং হয়রভ জাফর বিন আবি ভালেব রা. বললেন, আমরা তার ব্যাপারে ওই কথাই বলি যা আমাদের নবী আমাদেরকে শিক্ষা দিয়েছেন। আর তা হলো, হযরত ঈসা আলাইহিস সালাম আল্লাহর বান্দা, তার রাসূল, রূহ এবং কালেমা, যা তিনি কুমারী পবিত্রা মরিয়ামের উপর নিক্ষেপ করেছেন।

এ কথা ওনে নাজ্জাণী তার হাত যমীনে মারলেন এবং একটি খড়কুটো হাতে নিয়ে বললেন, খোদার কসম! যা কিছু তোমরা বর্ণনা করেছো হযরত ঈসা আলাইহি ওয়া সাল্লাম তা খেকে এই খড়কুটো পরিমাণও বেশি বর্ণনা করেননি । এরপর নাজ্জাণী কুরাইশের প্রতিনিধি দলকে সুস্পাই ভাষায় জবাব দিলেন আমি কখনো তাদেরকে ভোমাদের হাওয়ালা করবো না ।

#### ফায়দা:

নাজ্ঞানীর প্রশ্নের জবাবে হ্যরত জাফর রা. এমন জবাব দিয়েছেন যা কুরজানে ছিলো। কিন্তু ইঞ্জিলেও এমনটিই বর্ণিত ছিলো। তিনি সেই কঠিন মূহর্তে হককে গোপনও করেননি আবার এমন উত্তেজিত জবাবও দেননি যা হাবশাবাসীকে মুসলমানদের উপর ক্ষেপিরে তুলবে আর তারা মুসলমানদেরকে মক্কার কাকেরদের হাওয়ালা করে দিবে। এই ঘটনা থেকে আমরা এ কথাও জানতে পারি যে, এমন পরিস্থিতিতে এমন বন্ডাকে নির্বাচন করতে হবে যিনি উত্তম ভাবে সম্মিলিত অবস্থাকে উপস্থাপন করতে পারবেন এবং মজলিস ও পরিস্থিতি বুধে কথা বলতে সক্ষম।

# ৫. অবস্থার ভিনুতার কারণে হকুমের ভিনুতা

দাওয়াত দাতার জন্য আবশ্যক হলো, অবস্থা এবং পরিবেশের পরিবর্তনের প্রতি
লক্ষ্য রেখে শরীয়তের গভিতে থেকে নিজের দাওয়াতের পদ্ধতিতেও ভিন্নতা
আনা । হযরত মু'আয় বিন জাবাল রা. এক বসতিতে লোকদেরকে নামায়
পড়াতেন । একদিন সেই মসজিদের লোকজন রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়া
সাল্লামের খেদমতে হাজির হয়ে বললো, হে আল্লাহর রাসূল! আমরা ক্ষেত
খামারে কাজ করি । সারাদিন ক্লাভ হয়ে সন্ধায় ঘরে ফিরি । মু'আয় রা. এশার
নামায় লমা করে পড়ান । যা আমাদের জন্য খুব মুশকিল হয়ে যায় । রাসূল
সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম হয়রত মু'আয় রা.কে ডেকে বললেন, 'হে
মু'আয়! ভুমি কি লোকদেরকে ফেতনায় ফেলতে চাও?'

<sup>&</sup>lt;sup>2</sup>, বুখারী ও মুসলিম লব্রীফ।

হযরত মু'আষ রা, যেখানে নামায় পড়াতেন সেখানকার বিশেষ অবস্থার দাবি ছিলো নামায়কে সংক্ষিপ্ত করা। তাই রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম সেখানকার অবস্থার প্রতি লক্ষ্য করে হয়রত মু'আয় রা, কে সংক্ষিপ্ত নামায় পড়তে হুকুম দিয়েছেন। অথচ স্বাভাবিক অবস্থায় নামায়কে লখা করে পড়া ভালো কথা।

## ৬. বিরোধীদের কথা মনযোগ দিয়ে প্রবন করা

রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামের খেদমতে মদীনায় হিজরতের আগে কুরাইশের প্রতিনিধি হিসেবে উতবা আসলো। তখন রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম তার পূর্ণ কথা শোনেন। যখন সে তার বক্তব্য শেষ করে চুপ করলো তখন তিনি সংক্ষেপে নিজের কথা বললেন। ব

# ৭. নির্দিষ্ট গুরুত্বপূর্ণ ব্যক্তির উপর মেহনত করা

নবী করীম সাল্পাল্লাছ্ আলাইহি ওয়া সাল্পাম আমাদেরকে এ কথাও শিক্ষা দিয়েছেন যে, সমাজের এমন প্রভাবশালী ব্যক্তিত্ব যার সহযোগীতা আগনার আন্দোলনকে অধিক শক্তিশালী করতে পারে তাদের উপর বিশেষ মেহনত করতে হবে। তাদের জন্য দু'আ করা এবং তাদেরকে নিজের সাথে মিলানোর জন্য চেষ্টাও করতে হবে। তাই আমরা দেখি ইমামুল আমিরা সাল্পাল্লাছ্ আলাইহি ওয়া সাল্পাম আল্লাহর কাছে দু'আ করতেন, হে আল্লাহং উমর বিন খান্তাব অথবা উমর বিন হিশাম (আবু জাহেল) থেকে কাউকে আমাকে দান করো। আল্লাহ তা'আলা তাঁর দু'আ কবৃল করেছেন এবং হয়বত উমর বিন খান্তাব রা,কে তাঁর পক্ষে দিয়ে দেন। যার মাধ্যমে ইসলাম শক্তিশালী হয় এবং মক্কাতে প্রকাশ্যে দীনের দাওয়াত দিতে থাকেন।

## ৮. সাধারন দাওয়াত এবং বিশেষ দাওয়াতের মধ্যে পার্থক্য করা

সাধারন দাওয়াতের বিষয় বস্তু বিশেষ দাওয়াতের বিষয় বস্তু থেকে পৃথক হতে হবে। সাধারন দাওয়াত অর্থাৎ জনসাধারনকে দাওয়াত দেয়ার সময় কথা বার্তা খুবই সতর্কভার সাথে মেপে বলতে হয়। যার মধ্যে শ্রোভাদের সকল গুরের

<sup>&</sup>lt;sup>২</sup>. সীরাতে ইবনে হিশাম, বাবু কথলি উতবা ইবনে রবীআহ কি আমরি রস্লিকাহি আলাইহি ওয়া সালাম।

<sup>&</sup>quot;, তিরমিয়ী শরীক, কিভাবুল মানাকিবি ওমর বিন খান্তাব রা. ।

প্রতি লক্ষ্য রাখ্য হয়। এই দাওয়াতে সেসব তথ্য বেশি বর্ণনা করতে হবে যা আপনার এবং আপনার শ্রোতা উভয়ের সাথে সম্পৃক্ত।

এর ব্যতিক্রম বিশেষ দাওয়াতের ক্ষেত্রে। আপনি খোলা খুলি কথা বলতে পারেন এবং বিশেষ শ্রোতাদের বিশেষ মেধা এবং চিন্তা চেতনা অনুযায়ী বিস্তারিত কথাও বলা যেতে পারে।

## ৯. সুন্দর বাক্য এবং উপযুক্ত শব্দ চরন করা

দাওয়াতের মধ্যে উত্তম বাক্য এবং উপযুক্ত শব্দ চয়ন আপনার দাওয়াতকে যাদুমরী করতে পারে। আর এ ক্ষেত্রে আপনার অসাবধানতা আপনার দাওয়াতকে প্রতিক্রিয়াহীন করে দিতে পারে। কুরআনে কারীমের এই মুজেযা রয়েছে যে, এর আয়াত, শব্দ এবং বিন্যাস এতো সুন্দর ও পূর্ণাঙ্গ যে, মানুষ তার উপমা পেশ করতে অক্ষম। বয়ং রাস্ল সান্নান্নান্ন আলাইহি ওয়া সাল্লাম বলেন, আমাকে জাওয়ামিয়ে কালিমাত দেয়া হয়েছে।

আমাদের এই যুগে বলা হয়, আল্লাহ তা'আলা শায়খ উসামা রহ,কে দাওয়াতের नववी शक्कि मान करत हिल्लन । भाग्नथ तर, এत व्यान प्रभेल प्रता रह रायना কুদরতি ভাবে এক একটি বিষয়বস্তু, এক একটি বাক্য এবং প্রত্যেকটি শব্দ তার যবানে জারি করে দেয়া হয়েছে। যে স্তরের প্রতিই তিনি খেতাব করেছেন পূর্ণ করেছেন। তার বয়ানগুলো সহজ্ঞবোধ্য, দীল ও দেমাণকে আক্ট্রকারী, যৌক্তিক দলিলে সচ্ছিত, যা প্রত্যেকেই মেনে নিতে পারে। শারুর উসামা রহ, একবার ইউরোপীয়ানদেরকে খেতাব করতে গিয়ে বলেন, তোমরা ইহুদীদের গোলাম : কিন্তু শায়খ রহ, সেই বয়ানে ইহুদী শব্দের পরিবর্তে মান্টি নেশনাল কোম্পানী শব্দ ব্যবহার করেন। কারপ, ইউরোপে যদি সরাসরি ইহুদীদের বিরুদ্ধে কথা বলা হয় তাহলে তাকে Anti semitism ইছদী বিরোধী বলে আহমকের খোরাডে নিক্ষেপ করা হবে। তাই শায়খ এমন এক শব্দ বলেছেন যার মাধ্যমে তার দাওয়াতের যোলকলা পূর্ণ হয়। কেননা মান্টি নেশনাল কোম্পানীর জুলুমের চাকায় পিষ্ট ইউরোপীয় জনগনের জন্য এই বয়ানে বড় প্রয়াস ছিলো। বরং এই বন্ধান তাদের দাবী দাওয়ারই সঠিক প্রকাশ ছিলো। বিবিসি এই বয়ানের উপর বিশ্লেষণ করতে গিয়ে বলে, মনে ২চ্ছে এই বয়ান চূড়ান্ত পর্যায়ের দক্ষতার সাথে লেখা হয়েছে।

<sup>,</sup> কথা কম কিন্তু অধিক ভর্ষবহ।

# ১০. সেসৰ বিষয়বস্তু থেকে বেঁচে থাকা যা দাওয়াতে ৰাধা হয়ে দাঁড়াৰে

খেলাফত ব্যবস্থার দৃশমন আপনাকে এমনসব বিষয়বস্তুর দিকে উদুদ্ধ করতে চাবে যাতে মগ্ন হয়ে আপনি আপনার মাকসাদ থেকে সরে যাবেন এবং অন্য কিছুতে লিঙ হয়ে যাবেন। যেমন, বিতর্কিত দৃষ্টিভঙ্গির বিষয়বস্তু এবং মাযহাবগত মতানৈকা। যদি আপনি একবার সেসব মাসআলায় ঢুকে য়ান, তাহলে সেসব মাসআলাকে খেলাফত প্রতিষ্ঠা থেকে গুরুত্বপূর্ণ মনে হবে। এভাবে আপনি ও আপনার আন্দোলন আপন উদ্দেশ্য থেকে সরে যাবে এবং অন্য কোথাও আছড়ে পড়বে। তাই সর্বদা সেসব বিষয় খেকে বেঁচে থাকতে হবে, যা আপনার দাওয়াতের দিক পরিবর্তন করে অন্য কোনো দিকে নিয়ে যেতে পারে। বিশেষত জিন্দাদারদের উপর আবশ্যক যে তারা কঠোরতার সাথে কর্মীদেরকে সেসব বিষয় এড়িয়ে চলতে বলবে অথবা সেসব বিষয় নিয়ে ব্যস্ত হওয়া থেকে বিরত রাখবে।

দাওয়াত দাতাদের উচিত ভারা দাওয়াত দেরার সময় সেই দোকানদারের মডো হয়ে যাবে, যে নিজের সওদা বিক্রি করার সময় তা ছাড়া অন্য কোনো উদ্দেশ্য তার সামনে থাকে না। যে কোনো মূল্যে তার সওদা গ্রাহকের হাতে গছিয়ে দেয়। সে তার সওদাকে তার গ্রাহকের সামনে এমন ভাবে পেশ করে যে এই সওদা গ্রাহকের জন্যই বানানো হয়েছে এবং গ্রাহকের চেয়ে এই সওদার অধিক হকদার গোটা পৃথিবীতে আর কেউ হতে পারে না। এমন বুঝমান দোকানদার আপনার সাথে অন্য কোনো বিষয়ের প্রতি প্রশুর হবেই না। আপনার কথাওলো মনযোগ দিয়ে ভনবে, আপনার সমর্থন করবে কিন্তু ঘুরে ফিরে তার সওদার প্রশংসা এবং গুণাবলী বর্ণনা করতে ভক্ত করবে।

# ১১. আলোচনার ক্ষেত্রে দলিলভিত্তিক জবাবের পরিবর্তে এলজামী<sup>২</sup> জবাব দেয়া

কোনো কোনো সময় দাওয়াত দাতা তার বিরোধীদের জবাব দিতে বাধ্য হয়। কিন্তু আলোচনার মাঝে এমন সুযোগ এবং এতোটুকু সময় হয় না, যার মধ্যে বিস্তারিত দলিল বুঝানো যায়। সুতরাং সংক্ষিপ্ত সময়ে তাকে দলিল ভিক্তিক জবাব দেয়ার পরিবর্তে এলজামি জবাব দেয়া উত্তম। অর্থাৎ যে কথা সে আপনার আন্দোলনের ব্যাপারে বলছে তার প্রতি উত্তরে আপনি তাকে আয়না দেখিছে.

<sup>&</sup>lt;sup>3</sup>. এসন ভাবে জবাব দেয়া বে, প্রপ্লকারীর উপরই সেই প্রপ্লের উত্তর চেশে বঙ্গে।

তার মুখ বন্ধ করে দিবেন। কুরআনে কারীমে এর উপমা জায়গায় জায়গায় রয়েছে। যেমন ইহুদীদের ব্যাপারে বলেন,

﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴾

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

 ﴾

 ﴿

তাদের জবাবে আল্লাহ তা'আলা কুরআন সত্য হওয়ার দলিল দেননি বরং এই কথা বলে তাদের মুখ বন্ধ করে দেন যে,

تَغْتُلُونَ أَنْبِيَاءَ اللهِ....

তাহলে তোমরা কেনো নিজেদের নবীগণকে হত্যা করছো? [স্রা বাকারা : ৯১]

এমনি ভাবে ইহুদীরা বলতো আমরা আল্লাহর প্রিয় এবং তার সন্তান। আল্লাহ

ভা'আলা জবাব দেন তাহলে মাহবুব তো আপন প্রিয়ের সাথে সাক্ষাতের ইচ্ছা পোষন করে সুতরাং তোমরাও মৃত্যু কামনা করো, যদি তোমরা সত্য হও ! আপনার নিকট যদি সময় কম থাকে এবং প্রশ্নকারীদের উদ্দেশ্য সংশোধন নয় বরং ক্রেটি অথেষণ হয়, ভাহলে ভাদের সাথে আলোচনায় লিপ্ত হওয়া এবং দলিল প্রমান পেশ করা আপনাকে মসিবতে ফেলতে পারে। তাই এমন সময় উল্টো তাদের উপর প্রশ্ন করে তাকে প্রতিরক্ষার পজিশনে দাঁড় করাবেন এবং তাকে বলবেন তোমরা কোন মুখে প্রশ্ন করো অথচ তোমাদের অবস্থা এই এই। রাসুল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম ইসলামী ইতিহাসের সর্ব প্রথম সৈন্যদল মঞ্জার দিকে রওয়ানা করেন। হযরত আবুল্লাহ বিন যাহাশ রা,কে তার আমীর নিযুক্ত করেন। সেই যুদ্ধে সাহাবায়ে কেরামের হাতে এক কাঞ্চের মারা যায়। আরু সেই ঘটনাটি ছিলো সম্মানিত মাসের কোনো একটিতে। সাহাবায়ে কেরাম রা, মনে করছিলেন এখনো সম্মানিত মাস তরু হয়নি। তখন পর্যন্ত সম্মানিত চার মাস, রজব, যুল ক'দাহ, যুল হিচ্ছাহ এবং মহররমে কিডালের অনুমতি ছিলো না। মঞ্চার কাফেররা মাধায় আসমান তুলে নেয় এবং বলতে থাকে দেখো মুহাম্মদের সাধীরা তো এখন সম্মানিত মাসগুলোকেও সম্মান করে না। সরং আল্লাহ্ তা'আলা কাফেরদের জবাব দেন, তোমরা যে একটি কতলের ব্যাপারে চিংকার চেচামেচি করছো এবং আখলাক ও ভদ্রতার শ্লোগান দিয়ে মুখে ফেনা ভূলে একাকার করে ফেলছো, তোমরা নিজেদের আঁচল যাঁচায় করে দেখো। তোমরা তো সেই লোক বারা নিজেরাও আল্লাহ তা'আলাকে মানতে অস্বীকার করছো এমনকি জন্যদেরকেও জাল্লাহর রাস্তা থেকে বাধা দিচেছা। তোমাদের ভদ্রতার তো এই অবস্থা যে, তোমরা মুসলমানদেরকে মসজিদে হারামের মতো পবিত্র জায়গা থেকে বাধা দিয়েছো এবং তাদেরকে তাদের মাতৃভূমি মক্কা থেকে বের করে দিয়েছো। যা নিশ্চিত ভাবে যে কোনো ভদ্র মানুষের নিকট চূড়ান্ত পর্যায়ের নির্পজ্জতা। সুতরাং এগুলো তোমাদের কৃষ্ণর এবং তোমাদের কৃত কেতনা। আর কেতনা কতলের তুলনায় অধিক জ্ল্মনা।

কান্দেরদের এই প্রশ্নের জবাবে আল্লাহ তা আলা কান্দেরদের এতো মন্দাচারি প্রকাশ করেন যে, তারা চুপ থাকতে বাধ্য হয়। মেই ঘটনায় ঈমানদারদের জন্য এই সবক রয়েছে যে, যখন কান্দেররা মুসলমানদের উপর প্রশ্ন করবে তখন ঈমানদারদের জন্য তাদের সাথে মিলে তাদেরই কথা বলা উচিত নয়। বরং এমন সময় মুসলমানদের প্রতিরক্ষা করা উচিত। তবে যখন একে অপরের সংশোধনের ব্যাপার হয় তখন তা অভ্যন্তরীন ভাবেই করা উচিত। হাঁয় কোনো মুসলমানের জন্য প্রকাশ্যে কান্দের, নান্তিক কাদিয়ানীদের সাথে মিলে জিহাদ ও মুজাহিদীনের বিরোধীতা করা উচিত নয়। যে এমনটি করলো সে কাদিয়ানীর কহকে খুলি করলো এবং মুহাম্মাদে আরাবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম ও তার রবকে কট্ট দিলো।

## ১২. অবিচল উদ্যমে দাওয়াত দেয়া

দাওয়াতের ময়দানে যেসব সভর্কতার কথা উপরে আলোচনা করা হয়েছে এতে কেউ এমনটি মনে করবেন না যে, দাওয়াতের ক্ষেত্রে দূর্বলতা প্রকাশ করতে হবে। বরং রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম সাহসিকতা ও অবিচলতার সাথে দাওয়াতকে মানুষের সামনে পেশ করেছেন। সূতরাং মক্কার কাফেরদের দিতীয় প্রতিনিধি দল যখন আবু তালেবের কাছে আসলো এবং দাওয়াত বন্ধ না করলে যুদ্ধের হুমকি দিয়ে গেলো, তখন চাচা রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামকে ডাকলো এবং অবস্থার গুরুতরতা বুঝালো। যা গুনে মানবতার ইমাম, রহমতুল্লিল আলামীন সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম বললেন,

'হে চাচা! এই শোকগুলো যদি আমার ডান হাতে সূর্য এবং বাম হাতে চন্দ্র এনে দিয়ে আমাকে দাওয়াত ছেড়ে দিতে বলে তাহলেও আমি এই দাওয়াত ত্যাগ করবো না। হয়তো আল্লাহ তা'আলা এই দীনকে বিজয়ী করবেন নতুবা আমি থাকবো না এবং আমাকে কতল করে দেয়া হবে।'

<sup>&</sup>lt;sup>2</sup>, সীরাজে ইবনে হিলাম, বাবু তলাবি আবি তালেব ইলা রাসূলিকাহি আলাইহি ওয়া সাক্রাম আল-কাক্ষা। আনিদ দাওৱাতি ও জাওয়াবিহি লাহ ।

## ১৩. অটলতার সাথে পরীক্ষার মুকাবেলা করা

দীনের দাওয়াত এবং পরীক্ষা একে অপরের সাথে অঙ্গাঙ্গী ভাবে জড়িত। ইমাম শাকেয়ী রহ,কে কোনো একজন জিল্জেস করলো, কে সর্বোন্তম দাওয়াত দাতা? যে শুকুতেই বিজয়ী হয়ে গেছে নাকি সে, যাকে বিপদ আপদ এবং পেরেশানী পোহাতে হয়েছে তারপর বিজয়ী হয়েছে? ইমাম সাহেব রহ, উত্তর দিলেন,

পরীক্ষার পতিত ইওয়া ছাড়া বিজয় লাভ অসম্ভব। আল্লাহ
গপরীক্ষার পতিত ইওয়া ছাড়া বিজয় লাভ অসম্ভব। আল্লাহ
তা'আলা অবিচল হিম্মত ওয়ালা নবীগণকে পরীক্ষায়
কেলেছেন। সুতরাং যখন তাঁরা অবিচল থেকেছেন তখন
আল্লাহ তা'আলা তাদেরকে বিজয় দিয়েছেন। সীরাতে
বালবিয়া ১/২৮১া

হযরত আৰুলাহ বিন মাসউদ রা. বলেন, রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম মাকামে ইবরাইামের নিকট নামায আদায় করছিলেন, তখন উকবা বিন আবি মুসত উঠে তাঁর কাছে আসলো এবং তাঁর চাদর গলায় পেঁচিয়ে এতো জোরে টানলো যে রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম চিত হয়ে পড়ে গেলেন। মানুষজন ডাক চিৎকার তক্ত করে। তার খেয়াল ছিলো রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামকে মেরে কেলবে। আচানক আবু বকর রা. আসলেন এবং তাঁকে হাত ধরে উঠিয়ে রাগাবিত হয়ে কাফেরদের উদ্দেশ্যে বললেন, তোমরা কি একজন লোককে তথু এ জন্যই কতল করো যে, সে বলে আমার রব আলাইহি ওয়া সাল্লাম পুনরায় নামাযে মশতল হয়ে যান। নামায থেকে ফারেগ হয়ে তিনি মক্কার কাফেরদের পাশ দিয়ে অতিক্রম করেন, যারা বায়তুল্লাহ'র ছায়ায় বসে ছিলো। তিনি বলেন.

'হে মক্কার কুরাইশ' সেই সন্থার কসম যার হাতে মৃহাম্মাদের জান, আমাকে তোমাদেরকে জবাই করার জন্য পাঠিয়েছেন। এই বলে তিনি গলার দিকে ইশারা করলেন।'

এই সেই উকবা বিন আবি মুক্ষত ছিলো যে নবীজির উপর হারাম শরীফে সেজদারত অবস্থায় উটের নাড়িভুড়ি চাপিয়ে দিয়েছিলো। হযরত ফাতেমায়ে যাহরাহ রা. সে সময় ৪/৫ বছরের মেয়ে ছিলেন। তিনি দৌড়ে আসলেন এবং রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামের উপর থেকে নাড়িভুড়ি সরিয়ে নেন। আল্লাহ তা'আলা তার হাবীবকে বলেন,

# فَإِنْ كَذَّبُوكَ فَقَدْ كُذِّبَ رُسُلٌ مِنْ قَبْلِكَ.

'তোমাদেরকে অবশ্যই তোমাদের জান এবং মালের ব্যাপারে পরীক্ষা করা হবে, আর তোমাদের আহলে কিতাব এবং মুশরিকদের পক্ষ থেকে অধিকতর কষ্টকর কথা তনতে হবে। যদি তোমরা কষ্ট এবং কটুকথার মুকাবেলার অটল থাকো এবং তাকওয়া অবলম্বন করো তাহলে তা হবে মজবুতির কাজ।' স্বিল্ল আল ইমরান : ১৮৬।

ইতিহাস সাক্ষি রাসূল সাল্লাল্লাছ আলাইছি ওয়া সাল্লাম এবং তাঁর জানবায সহাবীগন এই দীনকে দুনিয়াতে বিজয় করার জন্য নিজেদের দেহকে রক্তে রঞ্জিত করেছেন, জ্বলন্ত অঙ্গার নিজের দেহের চর্বি দিয়ে শীতল করেছেন, ইসলামী বিধানকে বিজয় করার জন্য নিজেদের বাড়ি ঘর ছেড়েছেন, রাসূল সাল্লাল্লাছ আলাইছি ওয়া সাল্লাম এবং সকল সাহাবায়ে কেরাম দীন বিজয়ী হওয়া পর্যন্ত কিতাল ফি সাবিশিল্লাহ করেছেন।

আজ এই কথার খুবই প্রয়োজন যে, খেলাফত প্রতিষ্ঠার দাওয়াত দাতা কর্মী রাসূল সালাল্লাহ আলাইহি ওয়া সালামের সুন্নতকে আকড়ে ধরে দাওয়াত ও কিতাল সাথে নিয়ে চলবে, দীন রাত এক করে এই পথেই নিজের জানের নযরানা পেশ করবে। তাদের উদ্দেশ্য হবে জিহাদের রাস্তায় শাহাদাতের পিছনে দৌড়ানো এবং তা পেয়ে যাওয়া চুড়ান্ত পর্যায়ের সফলতা।

### পরিসমান্তি

আল্লাহর বান্দাদেরকে মানব রচিত বিধি বিধানের ইবাদাত থেকে বের করে আল্লাহর আইনের দিকে ডাকা বাস্তবেই খুব মুশকিল কাজ। কিন্তু সকল নবী রাসূলগণ এই উদ্দেশ্যকে নিয়ে বিপদ আপদ এবং পেরেশানী সহ্য করেছেন।

তাই আজ সেই উদ্দেশ্যে যদি মুজাহিদীনকে কুরবানী দিতে হয়, পরীক্ষা এবং মসীবত ঘিরে ধরে তাহলে তা আল্লাহর সুরত। কিন্তু এসবের বদলায় যদি আমাদের রব আমাদের উপর সম্ভুষ্ট হয়ে যান তাহলে এই বালা মসিবত থেকে উত্তম সওদা আর কী হতে পারে। আমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উন্মত যদি পূর্ণ হেদায়াতের উপর এসে যায়, আল্লাহর মুকাবেলায় প্রস্তুত আইন থেকে মুক্তির ঘোষণা দিয়ে খেলাফত প্রতিষ্ঠার দিকে এসে যায়, আল্লাহর যমীনে আল্লাহর শরীয়ত চালু করতে প্রস্তুত হয়ে যায়, আল্লাহ এবং তার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুশমনের বিরুদ্ধে কিতাল করতে উঠে দাঁড়ায়, তাহলে এই হিজরত, এই বিচেছদ, এই যখম যা ড্রোন মিজাইল অথবা দুশমনের জুলুম লাগিয়েছে এবং অন্তরের সেসব যখম যা আপনজনের যবান ও কলম তোহফা হিসেবে দিয়েছে সবকিছু আনন্দচিত্তে কবুল। ফুলদার চারার যত্ন নিতে মালির যদি কাটার আঘাত ভালোই লাগে, তাহলে দাওয়াত দাতার জন্য দুশমনের মন্দাচারিতে পরোয়া কিসের। পদ্মফুল তুলতে গেলে কাটার আঘাত তো লাগবেই। যদি নিজের স্বস্তাকে কুরবানী দিয়ে অন্যকে শান্তি ও নিরাপত্তা দেয়ার সুত্রত এই পৃথিবীতে চালু না থাকতো, তাহলে 'মা' 'মা' কিভাবে বলতে। যিনি সন্তানের জন্য নিজেকে মিটিয়ে দেন।

সুতরাং জিহাদ ও খেলাফতের দাওয়াত দাতার জন্যও এই কাজে নিজেকে বিলিয়ে দিতে হবে। নিজের আজ'কে উন্মতের আগামীর জন্য এবং নিজের অনিদ্রাকে উন্মতের ঘুমের জন্য। যদি মুহাম্মাদ সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামের গোলামদের ঘর বাঁচানোর জন্য নিজের ঘর উজাড় হয়ে যায় তাহলে সমস্য কী? রহমতুল্লিল আলামীনের উন্মতের তৃপ্তির জন্য নিজেকে ক্ষুধার্ত রাখতে হলে পরোয়া কী? নিজের ঘর বাঁধতে না পারি কিন্তু উন্মতের শিশুদের ঘর যদি বেঁচে যায়... ... ইরাক ও সিরিয়া, কবীলা ও আফগানিস্তান যদি বানিয়ে দিতে পারি তাহলে এই সওদা মন্দ নয়... ... করা যেতে পারে। আর যারা এই সওদা করে ফেলেছে তাদের তা এই আশায়ই পূর্ণ করা উচিত যে সকল ওয়াদা এই সওদা পূরণকারীদের সাথেই রয়েছে। আর এটাই হলো মহা কল্যাণ, মহা বিজয়। বাস্তবেই তা খুবই সফল সওদা, যার মধ্যে কোনোই লোকসান নেই।

وصلى الله على تبييناً محمد وعلى أله وصحبه وسلم

# সময়ের অন্যতম ইসলামি স্কলার মাওলানা **আসেম ওমর** দা.বা. ও শাইখ ড. **আবদুল্লাহ আব্**যাম রহ. এর সদ্য প্রকাশিত কয়েকটি মূল্যবান বই–

- ০ ইমাম মাহদীর শক্র-মিত্র/ মাওলানা আসেম ওমর
- ০ ইসলাম ও গণভব্র/ মাওলানা আসেম ওমর
- ০ ব্ল্যাক ওয়াটার/ মাওলানা আসেম ওমর
- আফগানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন/
   শাইখ ড. আবদুল্লাহ আযবাম রহ.
- ০ এসো কাফেলাবদ্ধ হই/ শাইখ ড. আবদুল্লাহ আযযাম রহ.
- ০ যুবক ভাইদের প্রতি বিশেষ বার্তা/ শাইখ ড. আবদুল্লাহ আযযাম রহ.
- ০ আল্লাহর সাথে সততা/ শাইখ ড. আবদ্ল্লাহ আযযাম রহ.
- ০ মুকাদাস জঙ্গ/ হায়াতুলাহ

